
www.Educationblog24.com



Unit 3

# Real Viva

## Real Viva-01

প্রার্থী : আসসালামু আলাইকুম; স্যার, আসতে পারি?

১ম পরীক্ষক : ওয়ালাইকুমুস সালাম। আসুন, (একটু থেমে) আপনি কোন বিষয়ে পড়াশুনা করছেন?

প্রার্থী : আমি বরিশাল বি. এল. কলেজ থেকে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক পাশ করেছি।

২য় পরীক্ষক : 'আমি বরিশাল বি. এল. কলেজ থেকে ব্যবস্থাপনা বিষয়ে স্নাতক পাশ করেছি' বাক্যটি ইংরেজিতে বলুন।

প্রার্থী : I have graduated in Management from Barishal B. L. College.

১ম পরীক্ষক : আচ্ছা বলুনতো ১ কেজি পেয়াজের দাম ৮০ টাকা কেজি হলে ৩০০ গ্রামের দাম কত?

প্রার্থী : ২৪ টাকা।

১ম পরীক্ষক : বাংলার প্রথম স্বাধীন নৃপতি কে ছিলেন?

প্রার্থী : রাজা শশাঙ্ক।

৩য় পরীক্ষক : আচ্ছা বলুনতো বাংলায় বংশানুক্রমিক শাসন পরিচলনা করে কারা?

প্রার্থী : পালরা।

৩য় পরীক্ষক : বেগম রোকেয়া কে ছিলেন? তার ১টি উপন্যাস ও ১টি প্রবন্ধের নাম বলুন।

প্রার্থী : বেগম রোকেয়া ছিলেন নারী জাগরণ ও নারীর অধিকার আন্দোলনের অন্যতম পথিকৃত। তার বিখ্যাত উপন্যাস – পদ্মরাগ ও উল্লেখযোগ্য প্রবন্ধ মতিচূর।

১ম পরীক্ষক : একনেক (ECNEC) কী?

প্রার্থী : একনেক হলো বাংলাদেশের অর্থনৈতিক নীতিনির্ধারণ এবং উন্নয়ন প্রকল্প অনুমোদন সংক্রান্ত সর্বোচ্চ অর্থনৈতিক সংস্থার নাম।

৩য় পরীক্ষক : বলুন তো, বাংলাদেশের সংবিধান প্রণয়ন কমিটির সদস্য কতজন ছিল?

প্রার্থী : ৩৪ জন।

২য় পরীক্ষক : বাংলাদেশ কত সালে জাতিসংঘের সদস্যপদ লাভ করে এবং সংস্থাটির কততম সদস্য?

প্রার্থী : ১৯৭৪ সালে, ১৩৬তম সদস্য।

১ম পরীক্ষক : হ্যামলেট কার লেখা?

প্রার্থী : উইলিয়াম শেক্সপিয়রের।

২য় পরীক্ষক : বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা রয়েছে?

প্রার্থী : দুঃখিত, স্যার এ প্রশ্নের উত্তর জানা নেই। (সঠিক উত্তর চারটি)

২য় পরীক্ষক : আগরতলা ষড়যন্ত্রমামলার আসামী কতজন ছিলো?

www.Educationblog24.com

প্রার্থী : ৩৫ জন, স্যার।
১ম পরীক্ষক : আপনি কি রবীন্দ্র সঙ্গীত জানেন? জানলে গেয়ে শুনান।
প্রার্থী : "আজি বাংলাদেশের হৃদয় হতে ---"
১ম পরীক্ষক : প্রাথমিক শিক্ষক হিসেবে নিয়োগ পেতে আপনি কতখানি আন্তরিক?
প্রার্থী : স্যার, আমি পুরোপুরি আন্তরিক।
১ম পরীক্ষক : ঠিক আছে, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামু আলাইকুম।

## Real Viva-02

অনুমতির পর কক্ষে প্রবেশ করে-

প্রার্থী : আসসালামু আলাইকুম।
প্রশ্নকর্তা : ওয়াআলাইকুম আসসালাম। কেমন আছেন?
প্রার্থী : ভালো আছি স্যার।
প্রশ্নকর্তা : আপনার নাম নজরুল ইসলাম : তো বলুনতো আপনার নামে মুজিবনগর সরকারের একজন বলিষ্ঠ নেতা ছিলেন। তিনি কে?
প্রার্থী : সৈয়দ নজরুল ইসলাম। তিনি ছিলেন মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি।
প্রশ্নকর্তা : আপনি কোন সাবজেক্ট নিয়ে পড়েছেন?
প্রার্থী : Economics.
প্রশ্নকর্তা : Economics এর জনক কে?
প্রার্থী : অ্যাডাম স্মিথ।
প্রশ্নকর্তা : বলুনতো বাংলাদেশের স্বাধীনতা ঘোষণাপত্র কবে জারি হয়?
প্রার্থী : ১০ এপ্রিল, ১৯৭১।
প্রশ্নকর্তা : সিমের (SIM) পূর্ণরূপ কি?
প্রার্থী : Subscriber identity module.
প্রশ্নকর্তা : ২টা English newspaper নাম বলেন?
প্রার্থী : The Daily Star, The Daily Sun
প্রশ্নকর্তা : বলুনতো 'কিন্ডারগার্টেন' পদ্ধতির প্রবর্তন করেন কে?
প্রার্থী : ফ্রেডরিক ফ্রোয়েবল।
প্রশ্নকর্তা : আপনি কেন প্রাইমারি শিক্ষকতায় আসতে চান?
প্রার্থী : শিক্ষকতা পেশা আমাকে তীব্রভাবে আকর্ষণ করে। আমি একজন আর্দশ শিক্ষক হওয়ার জন্য নিজেকে তৈরি করেছি। তাই আমি প্রাইমারি শিক্ষক হবার জন্য আবেদন করেছি।
প্রশ্নকর্তা : Very Good, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ স্যার।

www.Educationblog24.com

# Real Viva-03

প্রার্থী : আসসালামুআলাইকুম, ভিতরে আসতে পারি স্যার?

প্রশ্নকর্তা : ওয়ালাইকুমুস সালাম, আসুন।

প্রার্থী : স্যার, বসতে পারি?

প্রশ্নকর্তা : অবশ্যই, বসুন।

প্রশ্নকর্তা : আপনার নাম কী? সার্টিফিকেটগুলো দিন।

প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে স্নাতক সম্পন্ন করেছেন?

প্রার্থী : জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে পড়েছেন?

প্রার্থী : উদ্ভিদ বিজ্ঞান।

প্রশ্নকর্তা : উদ্ভিদ বিজ্ঞানের জনক কে?

প্রার্থী : থিওফ্রাস্টাস।

প্রশ্নকর্তা : উদ্ভিদের যে প্রাণ আছে তা কে আবিষ্কার করেন?

প্রার্থী : স্যার জগদীশ চন্দ্র বসু।

প্রশ্নকর্তা : সালোকসংশ্লেষণ কাকে বলে?

প্রার্থী : যে জৈব রাসায়নিক প্রক্রিয়ার মাধ্যমে সবুজ উদ্ভিদ কোষে সূর্যালোকের উপস্থিতিতে, পরিবেশ থেকে গৃহীত কার্বন ডাইঅক্সাইড ($CO_2$) ও মূল দ্বারা শোষিত পানির বিক্রিয়ায় শর্করা জাতীয় খাদ্যের সংশ্লেষ ঘটে এবং গৃহীত কার্বন-ডাই-অক্সাইডের সমপরিমাণ অক্সিজেন প্রকৃতিতে নির্গত হয় তাকে সালোকসংশ্লেষণ বলে।

প্রশ্নকর্তা : বাংলায় মোট কতটি বর্ণমালা আছে?

প্রার্থী : মোট ৫০টি।

প্রশ্নকর্তা : ফ্যানগুলো ঘুরিতেছে এর ইংরেজি বলুন।

প্রার্থী : The fans are moving.

প্রশ্নকর্তা : ছোট বেলায় পড়েছেন বিশ্বকবি রবীন্দ্রনাথের একটি কবিতার নাম বলুন?

প্রার্থী : তালগাছ।

প্রশ্নকর্তা : $(a+b)^2$ এর সূত্র বলুন।

প্রার্থী : $(a+b)^2 = a^2 + 2ab + b^2$

প্রশ্নকর্তা : ধন্যবাদ আসতে পারেন।

প্রার্থী : ধন্যবাদ, আসসালামুআলাইকুম।

www.Educationblog24.Com

## Real Viva-04

প্রার্থী : আসসালামুআলাইকুম। ভিতরে আসতে পারি স্যার?
প্রশ্নকর্তা : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কী?
প্রার্থী : রাবেয়া খাতুন।
প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে পড়ালেখা করেছেন?
প্রার্থী : আমি ইতিহাসে অনার্স ডিগ্রি অর্জন করেছি।
প্রশ্নকর্তা : বলুন তো, সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?
প্রার্থী : সিন্ধু সভ্যতা গড়ে উঠেছিল সিন্ধু নদের তীরে অবস্থিত হরপ্পা ও মহেঞ্জোদারো নগরীকে কেন্দ্র করে।
প্রশ্নকর্তা : বঙ্গবন্ধু কত সালে জন্মগ্রহণ করেন?
প্রার্থী : ১৯২০ সালের ১৭ই মার্চ।
প্রশ্নকর্তা : ১৭ই মার্চ বাংলাদেশে কোন দিবস হিসেবে পালিত হয়?
প্রার্থী : জাতীয় শিশু দিবস।
প্রশ্নকর্তা : NAPE এর পূর্ণরূপ বলুন।
প্রার্থী : Sorry (National Academy for Primary Education.)
প্রশ্নকর্তা : ভানুসিংহ কার ছদ্মনাম?
প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের।
প্রশ্নকর্তা : বাংলা ভাষায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?
প্রার্থী : মোট আটটি (ঋ, ঐ, গ, ণ, থ, প, শ, ধ)।
প্রশ্নকর্তা : আচ্ছা বলুন তো, বর্তমান বিশ্বের স্বাধীন রাষ্ট্র কতটি?
প্রার্থী : ১৯৫টি।
প্রশ্নকর্তা : টেবিলের উপর ২টি বোতল আছে-ইংরেজিতে বলুন।
প্রার্থী : There are two bottles on the table.
প্রশ্নকর্তা : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।
প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ স্যার, আসসালামুআলাইকুম।

## Real Viva-05

প্রার্থী : স্যার আসতে পারি?
প্রশ্নকর্তা : আসুন, আপনার নাম কী?
প্রার্থী : মো. কামরুল হাসান।
প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?
প্রার্থী : জনাব মো. কবিরুল ইসলাম।
প্রশ্নকর্তা : আপনার বাড়ি কোন উপজেলায়?
প্রার্থী : কাহালু উপজেলা (বগুড়া)।

www.Educationblog24.Com

## Real Viva-04

প্রার্থী : আসসালামুআলাইকুম। ভিতরে আসতে পারি স্যার?

প্রশ্নকর্তা : ওয়ালাইকুমুস সালাম। আসুন, বসুন। আপনার নাম কী?

প্রার্থী : রাবেয়া খাতুন।

প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে পড়ালেখা করেছেন?

প্রার্থী : আমি ইতিহাসে অনার্স ডিগ্রি অর্জন করেছি।

প্রশ্নকর্তা : বলুন তো, সিন্ধু সভ্যতা কোথায় গড়ে উঠেছিল?

প্রার্থী : সিন্ধু সভ্যতা গড়ে উঠেছিল সিন্ধু নদের তীরে অবস্থিত হরপ্পা ও মহেঞ্জোদারো নগরীকে কেন্দ্র করে।

প্রশ্নকর্তা : বঙ্গবন্ধু কত সালে জন্মগ্রহণ করেন?

প্রার্থী : ১৯২০ সালের ১৭ই মার্চ।

প্রশ্নকর্তা : ১৭ই মার্চ বাংলাদেশে কোন দিবস হিসেবে পালিত হয়?

প্রার্থী : জাতীয় শিশু দিবস।

প্রশ্নকর্তা : NAPE এর পূর্ণরূপ বলুন।

প্রার্থী : Sorry (National Academy for Primary Education.)

প্রশ্নকর্তা : ভানুসিংহ কার ছদ্মনাম?

প্রার্থী : রবীন্দ্রনাথ ঠাকুরের।

প্রশ্নকর্তা : বাংলা ভাষায় অর্ধমাত্রার বর্ণ কয়টি?

প্রার্থী : মোট আটটি (ঋ, ঐ, গ, ণ, ধ, প, শ, থ)।

প্রশ্নকর্তা : আচ্ছা বলুন তো, বর্তমান বিশ্বের স্বাধীন রাষ্ট্র কতটি?

প্রার্থী : ১৯৫টি।

প্রশ্নকর্তা : টেবিলের উপর ২টি বোতল আছে-ইংরেজিতে বলুন।

প্রার্থী : There are two bottles on the table.

প্রশ্নকর্তা : আপনাকে ধন্যবাদ, আপনি আসুন।

প্রার্থী : আপনাদের সকলকে ধন্যবাদ স্যার, আসসালামুআলাইকুম।

www.Educationblog24.Com

## Real Viva-05

প্রার্থী : স্যার আসতে পারি?

প্রশ্নকর্তা : আসুন, আপনার নাম কী?

প্রার্থী : মো. কামরুল হাসান।

প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?

প্রার্থী : জনাব মো. কবিরুল ইসলাম।

প্রশ্নকর্তা : আপনার বাড়ি কোন উপজেলায়?

প্রার্থী : কাহালু উপজেলা (বগুড়া)।

প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে স্নাতক সম্পন্ন করেছেন?
প্রার্থী : রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রশ্নকর্তা : আপনার বিষয় কী ছিল?
প্রার্থী : বাংলা।
প্রশ্নকর্তা : আচ্ছা আপনি বলুন তো কাজী নজরুল ইসলামের একটি নিষিদ্ধ কবিতার নাম।
প্রার্থী : আনন্দময়ীর আগমনে।
প্রশ্নকর্তা : পৌরসভা কোন সমাস?
প্রার্থী : Sorry. (ষষ্ঠী তৎপুরুষ)
প্রশ্নকর্তা : ছোট ছেলে মেয়েদের motive করা যায় এমন একটি ছড়ার নাম বলুন।
প্রার্থী : আমরা সবাই রাজা এই রাজার রাজত্বে।
প্রশ্নকর্তা : $a = 3$ এবং $b = 2$ হয়, তবে $(a + b)^2$ মান কত?
প্রার্থী : 25
প্রশ্নকর্তা : Very good. আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ স্যার, আসসালামুআলাইকুম।

# Real Viva-06

www.Educationblog24.com

প্রার্থী : ভিতরে আসতে পারি, স্যার? আসসালামুআলাইকুম।
প্রশ্নকর্তা : আসুন। ওয়ালাইকুমুস সালাম।
প্রশ্নকর্তা : আপনার নাম কী?
প্রার্থী : মো. রবিউল ইসলাম।
প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?
প্রার্থী : জনাব আমিনুল ইসলাম।
প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে স্নাতক সম্পন্ন করেছেন?
প্রার্থী : জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে।
প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে স্নাতক সম্পন্ন করেছেন?
প্রার্থী : হিসাববিজ্ঞান।
প্রশ্নকর্তা : ১০০ টাকায় ২ বছরে ৫% চক্রবৃদ্ধিতে মুনাফা কত হবে বলুন?
প্রার্থী : Sorry.
প্রশ্নকর্তা : PPP এর পূর্ণরূপ বলুন।
প্রার্থী : Public-Private Partnership
প্রশ্নকর্তা : এই রুমে অনেক লোক আছে-ইংরেজিতে অনুবাদ করুন।
প্রার্থী : There are many people in this room.
প্রশ্নকর্তা : পদ কাকে বলে? এক কথায় বলুন।
প্রার্থী : বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দকে পদ বলে। (যখন কোনো শব্দ বা ধাতু বিভক্তিযুক্ত হয়ে বাক্যে বসার উপযুক্ত হয় তখন তাকে পদ বলে।)
প্রশ্নকর্তা : সর্বনামের কয়েকটি উদাহরণ বলুন।

প্রার্থী : স্বয়ং, নিজ, খোদ ইত্যাদি।
প্রশ্নকর্তা : Very good; আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, আসসালামুআলাইকুম।

## Real Viva–07

*সালাম দিয়ে ভিতরে ঢুকলাম*

প্রশ্নকর্তা : বসুন; আপনার নাম কী?
প্রার্থী : মো. আব্দুল মজিদ।
প্রশ্নকর্তা : আপনার পিতার নাম কী?
প্রার্থী : মৃত আহম্মদ আলী আকন্দ।
প্রশ্নকর্তা : মাস্টার্স কোথায় করেছেন?
প্রার্থী : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়।
প্রশ্নকর্তা : বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কত সালে প্রতিষ্ঠিত হয়?
প্রার্থী : ১৯৬১ সালে।
প্রশ্নকর্তা : বর্তমানে মোট কতটি কৃষি বিশ্ববিদ্যালয় আছে?
প্রার্থী : মোট ৫টি।
প্রশ্নকর্তা : মহাস্থানগড় কোথায় অবস্থিত?
প্রার্থী : বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায়।
প্রশ্নকর্তা : বলুনতো, সুবর্ণ জয়ন্তী কত বছর পর পালন করা হয়?
প্রার্থী : ৫০ বছর।
প্রশ্নকর্তা : SAARC এর পূর্ণরূপ কী?
প্রার্থী : South Asian Association for Regional Co-operation.
প্রশ্নকর্তা : মেয়েটি দেখতে তার মায়ের মতো– ইংরেজিতে বলুন।
প্রার্থী : The girl takes after her mother.
প্রশ্নকর্তা : বাংলা স্বরবর্ণ কতটি?
প্রার্থী : ১১টি।
প্রশ্নকর্তা : আপনি এখন কী করেন?
প্রার্থী : বর্তমানে আমি চাকরির জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে পরীক্ষা দিচ্ছি।
প্রশ্নকর্তা : আপনার পরিবারে সদস্য সংখ্যা কতজন?
প্রার্থী : মোট ৫ জন।
প্রশ্নকর্তা : আপনি কী পরিবারের বড় সন্তান?
প্রার্থী : জ্বী স্যার, আমি পরিবারের বড় সন্তান।
প্রশ্নকর্তা : ধন্যবাদ, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ; আসসালামুআলাইকুম।

www.Educationblog24.com

# Real Viva-08

*[প্রথমে অনুমতি নিয়ে সালাম দিয়ে ভিতরে প্রবেশ করলাম। তারপর তাঁরা কাগজ চেক করলো। বোর্ডে ৩ জন ছিল, ডিসিসহ]*

প্রশ্নকর্তা : আপনার নাম কী?
প্রার্থী : মোছা. শারমিন আখতার
প্রশ্নকর্তা : আপনি কোন বিষয়ে অনার্স করেছেন?
প্রার্থী : আমি অনার্স করেছি প্রাণিবিদ্যায় ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে।
প্রশ্নকর্তা : মাছ উৎপাদনে বাংলাদেশ কততম?
প্রার্থী : মাছ উৎপাদনে বাংলাদেশ পঞ্চম, তবে সাধু পানির মাছ উৎপাদনে ৩য়।
প্রশ্নকর্তা : বাংলাদেশ ইলিশ মাছ উৎপাদনে কত তম?
প্রার্থী : প্রথম।
প্রশ্নকর্তা : বাংলাদেশের স্বাধীনতা দিবস কত তারিখে?
প্রার্থী : ১৯৭১ সালের ২৬ মার্চ।
প্রশ্নকর্তা : বঙ্গবন্ধু না থাকলে কি স্বাধীনতা সম্ভব ছিল?
প্রার্থী : আমি বললাম অসম্ভব। এরপর বঙ্গবন্ধু সম্পর্কে বিস্তারিত বললাম। লক্ষ করলাম ভাইবা বোর্ড আমার উত্তরে সন্তুষ্ট।
প্রশ্নকর্তা : সমাজে আলালের ঘরে দুলালের অভাব নাই— ইংরেজি অনুবাদ করুন।
প্রার্থী : Sorry স্যার। (There is no scarcity of the spoilt child of a rich parent in the society.)
প্রশ্নকর্তা : দুদক এর চেয়ারম্যানের নাম কী?
প্রার্থী : ইকবাল মাহমুদ (তৎকালীন)।
প্রশ্নকর্তা : ধন্যবাদ, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, সালাম দিয়ে ভাইবা বোর্ড থেকে বের হয়ে আসলাম।

www.Educationblog24.com

# Real Viva-09

*প্রথমে সালাম দিয়ে ভিতরে প্রবেশ করলাম।*

প্রশ্নকর্তা : বসুন, আপনার নাম কী?
প্রার্থী : লাভলু হাসান ফারুক
প্রশ্নকর্তা : আপনি কোথায় থেকে মাস্টার্স করেছেন?
প্রার্থী : জাতীয় বিশ্ববিদ্যালয়।
প্রশ্নকর্তা : শাপলা ফুলের ইংরেজি নাম বলুন।
প্রার্থী : Water lily.
প্রশ্নকর্তা : স্বরবর্ণ কতটি?

প্রার্থী : স্বরবর্ণ মোট ১১টি।
প্রশ্নকর্তা : মাত্রাহীন বর্ণের সংখ্যা কতটি?
প্রার্থী : Sorry (১০টি)।
প্রশ্নকর্তা : জ্যামিতি কাহাকে বলে?
প্রার্থী : গণিত শাস্ত্রের যে শাখায় ভূমি বা স্থানের পরিমাণ সম্পর্কে আলোচনা করা হয় তাকে জ্যামিতি বলে।
প্রশ্নকর্তা : বিষমবাহু ত্রিভুজের সংজ্ঞা বলুন।
প্রার্থী : যে ত্রিভুজের বাহুগুলো পরস্পর অসমান থাকে তাকে বিষমবাহু ত্রিভুজ বলে।
প্রশ্নকর্তা : মুষলধারে বৃষ্টি হচ্ছে ইংরেজিতে অনুবাদ করুন।
প্রার্থী : It is raining cats and dogs.
প্রশ্নকর্তা : Thank you, আপনি আসতে পারেন।
প্রার্থী : ধন্যবাদ, সালাম দিয়ে ভাইবা বোর্ড হতে বের হয়ে আসলাম।

www.Educationblog24.com

## Real Viva-10


প্রার্থী : আসসালামুআলাইকুম। আসতে পারি স্যার?
প্রশ্নকর্তা : আসুন, বসুন। আপনার নাম কী?
প্রার্থী : তহুরা আকতার জাহান।
প্রশ্নকর্তা : বলুন তো বাংলাদেশে প্রথম বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু হয় কত সালে?
প্রার্থী : ১৯৯২ সালের ১ জানুয়ারি।
প্রশ্নকর্তা : বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী?
প্রার্থী : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
প্রশ্নকর্তা : কোন দেশ বাংলাদেশকে সর্বপ্রথম স্বীকৃতি দান করেন?
প্রার্থী : ১৯৭১ সালের ৬ ডিসেম্বর ভুটান সর্বপ্রথম বাংলাদেশকে স্বীকৃতি দান করেন।
প্রশ্নকর্তা : বাংলাদেশের প্রথম নিরক্ষরতামুক্ত গ্রাম কোনটি?
প্রার্থী : Sorry স্যার (কচুবাড়ি-কৃষ্টপুর, ঠাকুরগাঁও জেলার সালান্দ ইউনিয়নের একটি গ্রাম।)
প্রশ্নকর্তা : বাংলাদেশে প্রাক-প্রাথমিক শিক্ষার বয়সসীমা কত?
প্রার্থী : ৩-৫ বছর।
প্রশ্নকর্তা : রম্বসের ক্ষেত্রফলের সূত্র বলুন।
প্রার্থী : রম্বসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল
প্রশ্নকর্তা : UNESCO এর সদর দপ্তর কোথায়?
প্রার্থী : ফ্রান্সের প্যারিসে।
প্রশ্নকর্তা : এখন দশটা বাজতে ৬ মিনিট বাকি — ইংরেজিতে অনুবাদ করুন।
প্রার্থী : It is six to ten.
প্রশ্নকর্তা : ধন্যবাদ, আপনি এখন আসুন।
প্রার্থী : ধন্যবাদ, স্যার। আসসালামুআলাইকুম।

# ১. ঢাকা বিভাগ

## ঢাকা জেলা (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন)
## নমুনা ভাইভা - ১

**সংক্ষিপ্ত শব্দের পূর্ণরূপ**

চেয়ার (ডিসি) = বোর্ডের চেয়ারম্যান। বস = বহিরাগত সদস্য। প্রার্থী: = মৌখিক পরীক্ষার্থী
ডিপিইও = জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সদস্য সচিব)।



প্রার্থী: আসতে পারি স্যার? চেয়ার: আসুন প্লিজ।
প্রার্থী: আস্‌সালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম। বসুন, আপনার নাম এবং আপনার সম্পর্কে বলুন।
প্রার্থী: ধন্যবাদ স্যার, আমি আফিয়া আফরা। আমি ২০১৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট থেকে বাংলায় বিএ (অনার্স) এবং এমএ ডিগ্রি সম্পন্ন করেছি। আমার স্বপ্ন তৃণমূল পর্যায়ের প্রতিষ্ঠান তথা প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের একজন মানুষ গড়ার কারিগর হিসেবে শিক্ষকতা করা। আর এ লক্ষ্যে পৌছার জন্য আমি আমার সাধ্যমত চেষ্টা করে যাচ্ছি এবং আপনাদের সম্মুখে হাজির হয়েছি।
চেয়ার: খুব ভালো আফরা, বলুন তো আপনার নামের অর্থ কী?
প্রার্থী: স্যার আমার নামের অর্থ 'পুণ্যবতী শুভ্র'।
চেয়ার: ঢাকার ৩টি নদীর নাম বলুন। প্রার্থী: বুড়িগঙ্গা, তুরাগ ও বালু নদী।
ডিপিইও: বাকল্যান্ড বাঁধ কোন নদীর তীরে অবস্থিত?
প্রার্থী: বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত।
বস: কত সালে ঢাকাকে পৌরসভা ও 'সিটি কর্পোরেশন' ঘোষণা করা হয়?
প্রার্থী: পৌরসভা ১লা আগস্ট ১৮৬৪ সালে এবং 'সিটি কর্পোরেশন' ঘোষণা করা হয় ১৯৭৮ সালে।
চেয়ার: ঢাকা শহর কয়টি সংসদীয় এলাকায় বিভক্ত?
প্রার্থী: ২৫টি।
বস: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়ার্ডের সংখ্যা কত?
প্রার্থী: ৫৬টি স্যার।
চেয়ার: জাতীয় সংসদ ভবনের স্থপতি কে?
প্রার্থী: লুইস আই কান।
ডিপিইও: কখন ঢাকা শহরে পাকবাহিনী 'অপারেশন সার্চলাইট' নামে গণহত্যা চালায়?
প্রার্থী: ১৯৭১ সালের ২৫শে মার্চ রাতে।
ডিপিইও: ঢাকা শহরের কোন স্থানে রায়ের বাজার বধ্যভূমি অবস্থিত?
প্রার্থী: মোহাম্মদপুর এলাকায়।
বস: জাতির জনক বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগে কত সালে ভর্তি হয়েছিলেন? প্রার্থী: আইন বিভাগে, ১৯৪৭ সালে, স্যার।।
বস: আপনি বাংলায় পড়াশুনা করেছেন- বলুন তো- বাংলা গদ্যের জনক কে?
প্রার্থী: ধন্যবাদ স্যার, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।
বস: ইউক্রেনের রাজধানী কোথায়? প্রার্থী: কিয়েভ।
বস: বাংলা উপন্যাসের জনক কে? প্রার্থী: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

www.Educationblog24.com

বস: বাংলা কবিতার জনক কে? প্রার্থী: মাইকেল মধুসূদন দত্ত।

বস: বাংলা নাটকের জনক কে? প্রার্থী: দীন বন্ধু মিত্র, স্যার।

চেয়ার: ওকে আফরা, আপনাকে শেষ প্রশ্ন করছি: একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হিসেবে আপনি শিশুদের মানসিক প্রবৃত্তি বিকাশে কোন বিষয়ের উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিবেন?

প্রার্থী: ধন্যবাদ স্যার, প্রাথমিক বিদ্যালয়ের পাঠ্যপুস্তকগুলো পড়ানোর পাশাপাশি শিশুদের আদর্শবান করে গড়ে তোলাসহ নীতি ও নৈতিকতা শিক্ষাদান হবে আমার পাঠদানের মূল লক্ষ্য।

চেয়ার: ধন্যবাদ মিস আফরা, আপনি এবার আসুন।

প্রার্থী: আপনাকেও ধন্যবাদ স্যার, আস্সালামু আলাইকুম।

## ঢাকা জেলা (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন)

## নমুনা ভাইভা - ২

প্রার্থী: আসতে পারি স্যার? চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম।

চেয়ার: ওয়া আলাইকুম সালাম। বসুন, আপনার নাম এবং এর অর্থ কী?

প্রার্থী: ধন্যবাদ স্যার, আমি রাকিন আবসার। আমার নামের অর্থ 'শ্রদ্ধাশীল দৃষ্টি'।

চেয়ার: আপনার পড়াশুনা কোথায় এবং কী বিষয়ে?

প্রার্থী: ধন্যবাদ স্যার, আমি ২০১৮ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি তিতুমীর কলেজ থেকে রাষ্ট্র বিজ্ঞানে অনার্সসহ মাস্টার্স সম্পন্ন করেছি।

চেয়ার: রাষ্ট্রের মূল উপাদান কয়টি ও কী কী?

প্রার্থী: স্যার, একটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্রের মূল উপাদান ৪টি, যথা জনগণ, সরকার, নির্দিষ্ট ভূখণ্ড ও সার্বভৌমত্ব।

চেয়ার: বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ আইন কোনটি?

প্রার্থী: ধন্যবাদ স্যার, সংবিধান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সর্বোচ্চ আইন।

চেয়ার: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান কত তারিখে গৃহীত এবং কত তারিখে এটি কার্যকর হয়?

প্রার্থী: স্যার, ১৯৭২ সালের ৪ঠা নভেম্বর বাংলাদেশের জাতীয় সংসদে এই সংবিধান গৃহীত হয় এবং একই বছরের ১৬ই ডিসেম্বর অর্থাৎ বাংলাদেশের প্রথম বিজয় দিবসে এটি কার্যকর হয়।

ডিপিইও: সংবিধানের কত অনুচ্ছেদে প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার কথা বলা হয়েছে?

প্রার্থী: সংবিধানের ১৭নং অনুচ্ছেদে, স্যার ।

বস: ঢাকা সিটি কর্পোরেশন কী ধরনের সংস্থা? প্রার্থী: স্থানীয় সরকার সংস্থা।

বস: কত তারিখে ঢাকা সিটি কর্পোরেশনকে দুইভাগে ভাগ করা হয়?

প্রার্থী: ২০১১ সালের ২৯ নভেম্বর সংসদে স্থানীয় সরকার তথা 'সিটি কর্পোরেশন সংশোধনী বিল-২০১১' পাসের মাধ্যমে ঢাকা শহরকে দুইভাগ করা হয়।

বস: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসনিক অঞ্চল ও ওয়ার্ডের সংখ্যা কত?

প্রার্থী: ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ৫টি প্রশাসনিক অঞ্চল ও ৩৬টি ওয়ার্ডে বিভক্ত।

বস: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বর্তমান (২০২২) মেয়রের নাম কী?

প্রার্থী: আতিকুল ইসলাম।

বস: ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রথম মেয়রের নাম কী?

প্রার্থী: মরহুম আনিসুল হক।

ডিপিইও: কিরগিজস্তানের রাজধানীর নাম কী? প্রার্থী: বিশকেক (Bishkek)।

www.Educationblog24.com

বস: বাংলাদেশের বড় সার কারখানা কোনটি?
প্রার্থী: যমুনা সার কারখানা (জামালপুরের তারকান্দিতে অবস্থিত)।
চেয়ার: অতিরিক্ত পাঠ্যক্রম (Extra curricular) তথা আপনি কী কোনো গান, আবৃত্তি, উপস্থাপনা বা অভিনয় পারেন?
প্রার্থী: জি স্যার। আমি বিভিন্ন অনুষ্ঠানে আবৃত্তি ও উপস্থাপনা করেছি।
চেয়ার: মাইকেল মধুসূদন দত্তের 'কপোতাক্ষ নদ' কবিতার প্রথম চার লাইন আবৃত্তি করুন? প্রার্থী: ধন্যবাদ স্যার, "সতত, হে নদ তুমি পড় মোর মনে - সতত তোমার কথা ভাবি এ বিরলে। সতত যেমনি লোক নিশার স্বপনে-শোনে মায়া যন্ত্র ধ্বনি তব কলকলে।"
ডিপিইও: মুক্তিযুদ্ধে ঢাকা শহর কত নম্বর সেক্টরের অধীনে ছিল? প্রার্থী: ২নং সেক্টর।
ডিপিইও: মুক্তিযুদ্ধে ২নং সেক্টরের এলাকাগুলো বলুন?
প্রার্থী: ঢাকা, কুমিল্লা, ফরিদপুর এবং নোয়াখালীর জেলার কিছু অংশ, স্যার।
ডিপিইও: মুক্তিযুদ্ধে পাকিস্তানিদের বিরুদ্ধে সর্বপ্রথম বাঙালি সেনা অফিসারগণ কোথায় সশস্ত্র বিদ্রোহ করে ছিলেন?
প্রার্থী: ধন্যবাদ স্যার, ১৯৭১ সালের ১৯শে মার্চ পাক-সেনাদের বিরুদ্ধে সর্বপ্রথম বাঙালি অফিসারগণ জয়দেবপুরে সশস্ত্র বিদ্রোহ করে।
ডিপিইও: 'তুমি কি সঠিকভাবে ইংরেজিতে কথা বলতে পার'? বাক্যটির ইংরেজি কী?
প্রার্থী: Can you speak English properly?
চেয়ার: ওকে রাকিন আবসার, আপনাকে শেষ প্রশ্ন করছি: প্রাথমিক বিদ্যালয়ের কোন-কোন ক্ষেত্রে সংস্কার হওয়া প্রয়োজন বলে আপনি মনে করেন?
প্রার্থী: ধন্যবাদ স্যার, মেধাবী শিক্ষক নিয়োগসহ কোমলমতি শিশুদের মনে নৈতিকতার বীজ বপন করা এখন সময়ের দাবি।
চেয়ার: ধন্যবাদ রাকিন, আপনি এবার আসুন।
চেয়ার: আপনাকেও ধন্যবাদ স্যার, আস্সলামু আলাইকুম।

www.Educationblog24.com

## গাজীপুর জেলা (নমুনা ভাইভা - ৩)

প্রার্থী: আসতে পারি স্যার? চেয়ার: জি আসুন, প্লিজ। প্রার্থী: নমস্কার, স্যার।
চেয়ার: নমস্কার, বসুন, আপনার নাম প্লিজ? প্রার্থী: স্যার, আমার নাম আভ্রান রায়।
চেয়ার: আপনি তো ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ থেকে সমাজ বিজ্ঞানে পড়াশুনা করেছেন? প্রার্থী: জি স্যার।
ডিপিইও: গাজীপুর জেলায় ৫টি উপজেলার নাম বলুন?
প্রার্থী: শ্রীপুর, কালিয়াকৈর, কালীগঞ্জ, কাপাসিয়া এবং গাজীপুর সদর উপজেলা।
ডিপিইও: মহান মুক্তিযুদ্ধের পর সর্বপ্রথম নির্মিত হয় কোন ভাস্কর্যটি?
প্রার্থী: জাগ্রত চৌরঙ্গী, স্যার।
বস: জাগ্রত চৌরঙ্গী ভাস্কর্যটির ভাস্কর কে? প্রার্থী: আবদুর রাজ্জাক, স্যার।
ডিপিইও: মহান মুক্তিযুদ্ধের প্রথম সশস্ত্র প্রতিরোধ যুদ্ধ কোথায় ও কত তারিখে অনুষ্ঠিত হয়? প্রার্থী: গাজীপুরের চান্দনা চৌরাস্তায়, ১৯৭১'র ১৯ শে মার্চ তারিখে।
চেয়ার: মুসলিম বিশ্বের দ্বিতীয় বৃহত্তম সমাবেশ বিশ্ব ইজতেমা কোথায় অনুষ্ঠিত হয়?
প্রার্থী: গাজীপুর জেলার টংগীর তুরাগ নদীর তীরে, স্যার।
চেয়ার: জাতীয় বিশ্ববিদ্যালয় কোথায় অবস্থিত? প্রার্থী: গাজীপুর জেলায়, স্যার।
চেয়ার: গাজীপুর জেলায় প্রতিষ্ঠিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর নামে দু'টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের নাম বলুন?

প্রার্থী: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়।
চেয়ার: আনসার একাডেমি গাজিপুরের কোথায় অবস্থিত? প্রার্থী: সফিপুর, স্যার।
চেয়ার: বাংলাদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি কোথায় অবস্থিত?
প্রার্থী: গাজীপুর জেলার রাজেন্দ্রপুর সেনানিবাসে, স্যার।
চেয়ার: স্বাধীন বাংলা ফুটবল দলের প্রতিষ্ঠাতা সভাপতির নাম কী?
প্রার্থী: মোঃ সামসুল হক, স্যার।
বস: গাজীপুর জেলার দুইজন মন্ত্রীর নাম বলুন?
প্রার্থী: আকম মুজাম্মেল হক (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়) এবং জাহিদ আহসান রাসেল (প্রতিমন্ত্রী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।
বস: গাজীপুর জেলার কাশিমপুর কেন বিখ্যাত?
প্রার্থী: জমিদার বাড়ি এবং কারাগারের জন্য, স্যার।
বস: বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রীর নাম কী? প্রার্থী: তাজউদ্দিন আহমেদ, স্যার।
বস: গাজীপুর-৩ আসনের এমপি'র নাম কী? প্রার্থী: ইকবাল হোসেন (সবুজ)।
চেয়ার: বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী মেঘনাথ সাহার জন্ম স্থান কোথায়?
প্রার্থী: গাজিপুরের কালিয়াকৈর উপজেলার সিওরাতলী গ্রামে, স্যার।
চেয়ার: আহসানউল্লাহ মাস্টার কে ছিলেন?
প্রার্থী: একজন আদর্শ্যবাদী ও বিশিষ্ট রাজনীতিবিদ এবং সংসদ সদস্য।
চেয়ার: Extra curricular হিসেবে আপনার কী দক্ষতা রয়েছে?
প্রার্থী: স্যার আমি বাশিঁ বাজাতে পারি এবং মাঝে-মাঝে মঞ্চ নাটক করি।
ডিপিইও: আবু জাফর শামসুদ্দীন রচিত কয়েকটি উপন্যাসের নাম বলুন?
প্রার্থী: ভাওয়াল গড়ের উপাখ্যান, পদ্মা মেঘনা যমুনা, সংকর সংকীর্তন, জীবন, শেষ রাত্রির তারা এবং ল্যাংড়া ইত্যাদি।
চেয়ার: ধন্যবাদ, আম্বান রায়, আপনি এবার আসুন। প্রার্থী: ধন্যবাদ, নমস্কার স্যার।

## নারায়ণগঞ্জ জেলা (নমুনা ভাইভা - ৪)

প্রার্থী: আসতে পারি স্যার? চেয়ার: জি আসুন। প্রার্থী: আস্সালামু আলাইকুম।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন, আপনার নাম প্লিজ?
প্রার্থী: ধন্যবাদ স্যার, আমার নাম মাহমুদা রায়হানা।
চেয়ার: মাহমুদা, আপনি কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: ধন্যবাদ স্যার, আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে মাস্টার্স করেছি।
চেয়ার: কত সালে জগন্নাথ কলেজ পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয়?
প্রার্থী: ২০০৫ সালে, স্যার।
ডিপিইও: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্যের নাম কী?
প্রার্থী: অধ্যাপক ড. এ.কে.এম. সিরাজুল ইসলাম খান।
ডিপিইও: জগন্নাথ কলেজ কত সালে প্রতিষ্ঠা করা হয়? প্রার্থী: ১৮৫৮ সালে, স্যার।
চেয়ার: আচ্ছা মাহমুদা, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আচার্যের নাম জানেন কী?
প্রার্থী: জি স্যার, মহামান্য রাষ্ট্রপতি আব্দুল হামিদ।
চেয়ার: ছিয়াত্তরের মন্বন্তর হয় কত সালে? প্রার্থী: ১৭৭০ সালে, স্যার।
চেয়ার: সিপাহী বিদ্রোহের প্রথম শহিদ কে ছিলেন? প্রার্থী: মঙ্গল পান্ডে, স্যার।
বস: আচ্ছা মাহমুদা, মুঘলদের সময় সরকারি ভাষা কি ছিল জানেন কী?
প্রার্থী: জি স্যার, ফার্সি ভাষা।
ডিপিইও: চিরস্থায়ী বন্দোবস্ত কত সালে হয়? প্রার্থী: ১৭৯৩ সালে, স্যার।

www.Educationblog24.com

প্রার্থী: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়।

চেয়ার: আনসার একাডেমি গাজিপুরের কোথায় অবস্থিত? প্রার্থী: সফিপুর, স্যার।

চেয়ার: বাংলাদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি কোথায় অবস্থিত?

প্রার্থী: গাজীপুর জেলার রাজেন্দ্রপুর সেনানিবাসে, স্যার।

চেয়ার: স্বাধীন বাংলা ফুটবল দলের প্রতিষ্ঠাতা সভাপতির নাম কী?

প্রার্থী: মোঃ সামসুল হক, স্যার।

বস: গাজীপুর জেলার দুইজন মন্ত্রীর নাম বলুন?

প্রার্থী: আকম মুজাম্মেল হক (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়) এবং জাহিদ আহসান রাসেল (প্রতিমন্ত্রী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়)।

বস: গাজীপুর জেলার কাশিমপুর কেন বিখ্যাত?

প্রার্থী: জমিদার বাড়ি এবং কারাগারের জন্য, স্যার।

বস: বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রীর নাম কী? প্রার্থী: তাজউদ্দিন আহমেদ, স্যার।

বস: গাজীপুর-৩ আসনের এমপি'র নাম কী? প্রার্থী: ইকবাল হোসেন (সবুজ)।

চেয়ার: বিশিষ্ট পরমাণু বিজ্ঞানী মেঘনাথ সাহার জন্ম স্থান কোথায়?

প্রার্থী: গাজিপুরের কালিয়াকৈর উপজেলার সিওরাতলী গ্রামে, স্যার।

চেয়ার: আহসানউল্লাহ মাস্টার কে ছিলেন?

প্রার্থী: একজন আদর্শ্যবাদী ও বিশিষ্ট রাজনীতিবিদ এবং সংসদ সদস্য।

চেয়ার: Extra curricular হিসেবে আপনার কী দক্ষতা রয়েছে?

প্রার্থী: স্যার আমি বাশি বাজাতে পারি এবং মাঝে-মাঝে মঞ্চ নাটক করি।

ডিপিইও: আবু জাফর শামসুদ্দীন রচিত কয়েকটি উপন্যাসের নাম বলুন?

প্রার্থী: ভাওয়াল গড়ের উপাখ্যান, পদ্মা মেঘনা যমুনা, সংকর সংকীর্তন, জীবন, শেষ রাত্রির তারা এবং ল্যাংড়া ইত্যাদি।

চেয়ার: ধন্যবাদ, আদ্যান রায়, আপনি এবার আসুন। প্রার্থী: ধন্যবাদ, নমস্কার স্যার।

www.Educationblog24.com

## নারায়ণগঞ্জ জেলা (নমুনা ভাইভা - ৪)

প্রার্থী: আসতে পারি স্যার? চেয়ার: জি আসুন। প্রার্থী: আস্সালামু আলাইকুম।

চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন, আপনার নাম প্লিজ?

প্রার্থী: ধন্যবাদ স্যার, আমার নাম মাহমুদা রায়হানা।

চেয়ার: মাহমুদা, আপনি কোথায় পড়াশুনা করেছেন?

প্রার্থী: ধন্যবাদ স্যার, আমি জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে ইতিহাসে মাস্টার্স করেছি।

চেয়ার: কত সালে জগন্নাথ কলেজ পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত হয়?

প্রার্থী: ২০০৫ সালে, স্যার।

ডিপিইও: জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথম উপাচার্যের নাম কী?

প্রার্থী: অধ্যাপক ড. এ.কে.এম. সিরাজুল ইসলাম খান।

ডিপিইও: জগন্নাথ কলেজ কত সালে প্রতিষ্ঠা করা হয়? প্রার্থী: ১৮৫৮ সালে, স্যার।

চেয়ার: আচ্ছা মাহমুদা, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আচার্যের নাম জানেন কী?

প্রার্থী: জি স্যার, মহামান্য রাষ্ট্রপতি আব্দুল হামিদ।

চেয়ার: ছিয়াত্তরের মন্বন্তর হয় কত সালে? প্রার্থী: ১৭৭০ সালে, স্যার।

চেয়ার: সিপাহী বিদ্রোহের প্রথম শহিদ কে ছিলেন? প্রার্থী: মঙ্গল পান্ডে, স্যার।

বস: আচ্ছা মাহমুদা, মুঘলদের সময় সরকারি ভাষা কি ছিল জানেন কী?

প্রার্থী: জি স্যার, ফার্সি ভাষা।

ডিপিইও: চিরস্থায়ী বন্দোবস্ত কত সালে হয়? প্রার্থী: ১৭৯৩ সালে, স্যার।

ডিপিইও: বাংলাদেশের কোন শহরকে প্রাচ্যের ড্যান্ডি বলা হতো?
প্রার্থী: নারায়ণগঞ্জকে স্যার।
ডিপিইও: পৃথিবীর দ্বিতীয় 'হারবার' নদী কোনটি? প্রার্থী: শীতলক্ষ্যা নদী, স্যার।
ডিপিইও: নারায়ণগঞ্জ জেলা কত সালে প্রতিষ্ঠা করা হয়? প্রার্থী: ১৯৮৪ সালে, স্যার।
বস: DPEO এর পূর্ণরূপ কী? প্রার্থী: District Primary Education Officer.
চেয়ার: কুদরত-ই-খুদা শিক্ষা কমিশন কখন গঠন করা হয়? প্রার্থী: ১৯৭২ সালে।
চেয়ার: কুদরত-ই-খুদা কোন বিষয়ের পণ্ডিত ছিলেন? প্রার্থী: রসায়ন শাস্ত্রে স্যার।
চেয়ার: সৈয়দ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? প্রার্থী: খিজির খান, স্যার।
ডিপিইও: ১ ডজন আমের দাম ১৫০ টাকা হলে, ১ হালি আমের দাম কত হবে?
প্রার্থী: ৫০ টাকা, স্যার।
ডিপিইও: সুলতানা কামাল সেতু কোথায় অবস্থিত? প্রার্থী: নারায়ণগঞ্জ জেলায়।
বস: মেরি এন্ডারসন কী এবং কোথায় অবস্থিত?
প্রার্থী: পর্যটনের ভাসমান রেস্তোরা, নারায়ণগঞ্জে অবস্থিত স্যার।
বস: রাসেল পার্ক কোথায় অবস্থিত? প্রার্থী: রূপগঞ্জ উপজেলায়, স্যার।
বস: ঈসা খাঁ জমিদার বাড়ি কোথায় অবস্থিত? প্রার্থী: সোনারগাঁও উপজেলায়।
চেয়ার: আপনি কি কোন গান-বাজনা পারেন? প্রার্থী: জি স্যার।
ডিপিইও: 'আমার সোনার বাংলা-আমি তোমায় ভালোবাসি।' – গানটি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে রচনা করেন? প্রার্থী: ১৯০৫ সালে, স্যার।
চেয়ার: ভবনে ব্যবহারের জন্য বাংলাদেশের পতাকার পরিমাপ কী?
প্রার্থী: দৈর্ঘ্য ১০ আর প্রস্থ ৬ ফুট অথবা দৈর্ঘ্য ৫ আর প্রস্থ ৩ ফুট।
চেয়ার: গ্রান্ড ট্রাঙ্ক রোড (সড়ক-ই-আজম) কে নির্মাণ করেন? প্রার্থী: শের শাহ।
চেয়ার: ধন্যবাদ, মাহমুদা, আপনি আসুন। প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম।

www.Educationblog24.com

## টাঙ্গাইল জেলা (নমুনা ভাইভা - ৫)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন, আপনার নাম প্লিজ?
প্রার্থী: ধন্যবাদ স্যার, আমার নাম তানভির মাহমুদ।
চেয়ার: মাহমুদ, আপনি কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: ধন্যবাদ স্যার, আমি মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে Criminology and Police Science (CPS) এ মাস্টার্স সম্পন্ন করেছি।
চেয়ার: কখন মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়?
প্রার্থী: ১৯৯৯ সালে, স্যার।
ডিপিইও: ১৫ই আগস্ট ১৯৭৫ সালে বঙ্গবন্ধুসহ মোট কত জন নিহত হন?
প্রার্থী: মোট ১৭ জন, স্যার।
চেয়ার: আচ্ছা মাহমুদ, 'দেয়াল' উপন্যাসের লেখক? প্রার্থী: হুমায়ুন আহমেদ।
চেয়ার: 'দেয়াল' উপন্যাসটি কাকে নিয়ে লেখা?
প্রার্থী: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে স্যার।
ডিপিইও: বঙ্গবন্ধুকে শান্তিতে জুলিও কুরি পুরস্কার দেয়া হয় কত তারিখে?
প্রার্থী: ১৯৭২ সালের ১০ই অক্টোবর।
চেয়ার: GMT মানে কি? প্রার্থী: Greenwich Mean Time।
বস: আচ্ছা মাহমুদ, PEDP- এর বর্ধিতরূপ কী?
প্রার্থী: Primary Education Development Project (প্রা: শিক্ষা উন্নয়ন প্রকল্প)।

ডিপিইও: বর্তমানে (২০২২) কত নং PEDP চলমান আছে? প্রার্থী: PEDP4 স্যার।

ডিপিইও: টাঙ্গাইল জেলার শিক্ষার হার কত? প্রার্থী: ৭১.২১ শতাংশ, স্যার।

ডিপিইও: মাহমুদ, আপনি তো 'অপরাধ ও রাষ্ট্রবিজ্ঞানে' মাস্টার্স করেছেন, বলুন তো সমাজে অপরাধ প্রবণতা হ্রাসের সবচেয়ে ভালো পন্থা কী?

প্রার্থী: আইনের শাসন প্রতিষ্ঠা করা, স্যার।

বস: টাঙ্গাইল জেলার বিশিষ্ট ৫ জন ব্যক্তির নাম বলুন?

প্রার্থী: ধন্যবাদ স্যার, মওলানা আবদুল হামিদ খান ভাসানী, শামসুল হক, নবাব বাহাদুর সৈয়দ নওয়াব আলী চৌধুরী, বিচারপতি আবু সাঈদ চৌধুরী এবং বঙ্গবীর আবদুল কাদের সিদ্দিকী।

চেয়ার: ২০১ গম্বুজ মসজিদ ও ভারতেশ্বরী হোমস কোথায় অবস্থিত?

প্রার্থী: টাঙ্গাইল জেলায়, স্যার।

বস: টাঙ্গাইল জেলার এমন একজন ব্যক্তির নাম বলুন যিনি বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি, প্রধান বিচারপতি, মন্ত্রী (মোস্তাক কেবিনেট), জাতিসংঘ মানবাধিকার কমিশনের চেয়ারম্যান, মুক্তিযুদ্ধের বিশেষ দূত ও ঢাবি'র উপাচার্য ছিলেন? প্রার্থী: বিচারপতি আবু সাঈদ চৌধুরী, স্যার।

চেয়ার: আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক কে ছিলেন?

প্রার্থী: শামসুল হক।

ডিপিইও: ৪টি আনারসের আমের দাম ১২০ টাকা হলে, ১ হালির দাম কত হবে?

প্রার্থী: ১২০ টাকা, স্যার।

ডিপিইও: 'কাদেরিয়া বাহিনীর' প্রতিষ্ঠাতা কে? প্রার্থী: আবদুল কাদের সিদ্দিকী।

বস: ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম মুসলমান ছাত্রীর নাম কী?

প্রার্থী: বেগম ফজিলতুন্নেসা জোহা।

বস: ইব্রাহিম খাঁ ও রণদাপ্রসাদ সাহার বাড়ি কোথায়? প্রার্থী: টাঙ্গাইল।

বস: ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যতম প্রতিষ্ঠাতার নাম কী?

প্রার্থী: নবাব বাহাদুর সৈয়দ নওয়াব আলী চৌধুরী (ধনবাড়ি উপজেলার নবাব)।

বস: কাদের সিদ্দিকীর রাজনৈতিক দলের নাম কী?

প্রার্থী: কৃষক শ্রমিক জনতা লীগ (প্রতিষ্ঠাতা সভাপতি)।

চেয়ার: আপনি কি কোন সাংস্কৃতিক কর্মকান্ড পারেন? প্রার্থী: আমি অভিনয় পারি।

ডিপিইও: 'বাংলা, বিহার উড়িষ্যার নবাব সিরাজ-উদ-দৌলা...' এই নাটকের একজন বিখ্যাত অভিনেতার নাম বলুন? প্রার্থী: আনোয়ার হোসেন।

চেয়ার: টাঙ্গাইল জেলার কোন মসজিদে ২৪ ঘন্টা 'কোরআন তিলাওয়াত' করা হয়?

প্রার্থী: ধনবাড়ি মসজিদে স্যার (১৯২৯ সালে সৈয়দ নওয়াব আলী চৌধুরীর মৃত্যুর পর থেকে এই মসজিদে ২৪ ঘন্টা 'কোরআন তিলাওয়াত' করা হয়)।

চেয়ার: ধন্যবাদ, তানভির, এবার আসুন। প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম।

## কিশোরগঞ্জ জেলা (নমুনা ভাইভা - ৬)

প্রার্থী: আসতে পারি স্যার?

চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম, স্যার।

চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন, আপনার নাম কী?

প্রার্থী: ধন্যবাদ স্যার, আমার নাম আলেয়া খাতুন।

চেয়ার: আলেয়া, আপনি কোন বিষয়ে, কোথায় পড়াশুনা করেছেন?

প্রার্থী: স্যার, আমি গুরুদয়াল সরকারি কলেজ থেকে অর্থনীতিতে মাস্টার্স করেছি।

চেয়ার: কখন গুরুদয়াল সরকারি কলেজ প্রতিষ্ঠা করা হয়? প্রার্থী: ১৯৪৩ সালে।

www.Educationblog24.com

ডিপিইও: গুরুদয়াল এর পূর্ণ নাম কী? প্রার্থী: কৈবর্তরাজ গুরুদয়াল দাস।
চেয়ার: গুরুদয়াল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ কে ছিলেন? প্রার্থী: ড. ডি.এল দাস।
চেয়ার: গুরুদয়াল সরকারি কলেজের বিশিষ্ট ২জন প্রাক্তন ছাত্রের নাম বলুন?
প্রার্থী: রাষ্ট্রপতি আব্দুল হামিদ, প্রধান বিচারপতি শাহাবুদ্দিন আহমেদ।
ডিপিইও: কিশোরগঞ্জ জেলার নীতিবাক্য বা ব্রান্ড নাম কী জানেন?
প্রার্থী: "উজান-ভাটির মিলিত ধারা, নদী-হাওর মাছে ভরা"।
চেয়ার: ডিপিএড- এর পূর্ণ রূপ কি? প্রার্থী: ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন, স্যার।
বস: আলেয়া, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর নাম কী?
প্রার্থী: জনাব মোঃ জাকির হোসেন।
বস: বঙ্গবন্ধু তাঁর সমগ্র জীবনে মোট কত দিন কারাগারে ছিলেন?
প্রার্থী: ৪৬৮২ দিন, স্যার।
ডিপিইও: কিশোরগঞ্জ জেলায় মোট কয়টি উপজেলা আছে? প্রার্থী: ১৩টি, স্যার।
ডিপিইও: অর্থনীতির সূত্রে, কখন কোনো দ্রব্যের চাহিদা ও মূল্য বৃদ্ধি পায়?
প্রার্থী: স্যার, যখন দ্রব্যটির সরবরাহ কম থাকে তখন।
ডিপিইও: বাংলাদেশের জাতীয় গাছ কোনটি? প্রার্থী: আমগাছ, স্যার।
ডিপিইও: বার ভূঁইয়াদের প্রধান ঈসা খাঁর দ্বিতীয় রাজধানী কোথায় ছিল?
প্রার্থী: জঙ্গলবাড়ি দুর্গ, স্যার।
চেয়ার: আপনি কি কোন নাচ, গান বা আবৃত্তি করতে পারেন?
প্রার্থী: জি স্যার। আমি অল্প-সল্প গান করি।
চেয়ার: কি গান করেন, আপনি? প্রার্থী: আমি রবীন্দ্র সঙ্গীত করি, স্যার।
চেয়ার: সুচিত্রা সেনের পৈতৃক নিবাস কোথায়? প্রার্থী: পাবনা জেলায়, স্যার।
ডিপিইও: 'আমার সোনার বাংলা' সঙ্গীতটি কী উপলক্ষে রবীন্দ্রনাথ ঠাকুর রচনা করেছিলেন? প্রার্থী: ১৯০৫ সালের বঙ্গভঙ্গ উপলক্ষ্যে, স্যার।
চেয়ার: এগারসিন্দুর গ্রামটি কিশোরগঞ্জ জেলার কোন উপজেলায় অবস্থিত?
প্রার্থী: পাকুন্দিয়া উপজেলায়, স্যার।
চেয়ার: কিশোরগঞ্জ জেলার তিন জন রাষ্ট্রপতির নাম বলুন?
প্রার্থী: সৈয়দ নজরুল ইসলাম, জিল্লুর রহমান ও আব্দুল হামিদ।
চেয়ার: মুক্তিযুদ্ধে কিশোরগঞ্জ জেলার একজন নারী বীর প্রতীকের নাম বলুন?
প্রার্থী: ডঃ ক্যাপ্টেন সিতারা বেগম।
ডিপিইও: কিশোরগঞ্জের কোন হাওরকে সরকার টুরিস্টস্পট হিসেবে ঘোষণা করে?
প্রার্থী: নিকলী হাওরকে (Nikli Haor)।
ডিপিইও: গায়েবী মসজিদ কিশোরগঞ্জের কোন উপজেলায় অবস্থিত? প্রার্থী: ইটনা।
চেয়ার: ধন্যবাদ, আপনি এবার আসুন। প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম।

## মানিকগঞ্জ জেলা (নমুনা ভাইভা - ৭)

প্রার্থী: আমি কি আসবো স্যার? চেয়ার: আসুন। প্রার্থী: আস্সালামু আলাইকুম।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন, আপনার নাম কী?
প্রার্থী: আমার নাম রহমত আলী, স্যার। চেয়ার: কোন বিষয়ে পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার, আমি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অপরাধ বিজ্ঞানে মাস্টার্স করেছি।
চেয়ার: আপনি মাস্টার্স করে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হতে চান কেন??
প্রার্থী: স্যার, এখন চাকরির বাজারে যে দৈন্যদশা চলছে এবং বেকারত্বের হার যেভাবে বৃদ্ধি পাচ্ছে- তাতে প্রথম শ্রেণির কোনো ভালো চাকরি পাবো কি-না

www.Educationblog24.com

তা অনিশ্চিত। তাই প্রাথমিক বিদ্যালয়ের মানুষ গড়ার কারিগর হতে পারলেই আমি সুখী।

ডিপিইও: মানিকগঞ্জ জেলায় কয়েকটি নদীর নাম বলুন?
প্রার্থী: পদ্মা, কালীগঙ্গা, যমুনা, ধলেশ্বরী এবং ইছামতি নদী।
ডিপিইও: মানিকগঞ্জের 'গঞ্জ' শব্দটি কোন ভাষার শব্দ? প্রার্থী: ফরাসী শব্দ, স্যার।
চেয়ার: মানিকগঞ্জ জেলায় ৫টি উপজেলার নাম বলুন?
প্রার্থী: ঘিওর, দৌলতপুর, মানিকগঞ্জ সদর, শিবালয় ও সাটুরিয়া উপজেলা।
ডিপিইও: বর্তমানে দেশে কতগুলি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে?
প্রার্থী: ৬৫ হাজার ৬২০টি।
চেয়ার: 'আমার সোনার বাংলা' গানটি রবীন্দ্রনাথ কোথায় বসে রচনা করেন?
প্রার্থী: কুষ্টিয়া জেলার শিলাইদহে।
বস: আচ্ছা রহমত, ৬ দফা দিবস কবে? প্রার্থী: ৭ই জুন, স্যার।
বস:কত তারিখে বঙ্গবন্ধু আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নিযুক্ত হন?
প্রার্থী: ১৬ নভেম্বর ১৯৫৩ সালে, স্যার।
বস:কত তারিখে বঙ্গবন্ধু আওয়ামী লীগের সভাপতি নির্বাচিত হন?
প্রার্থী: ১৯৬৬ সালে, স্যার।
ডিপিইও: ভাষা সৈনিক শহিদ রফিকউদ্দিন আহমদ এর বাড়ি কোথায়?
প্রার্থী: মানিকগঞ্জ জেলায়, স্যার।
চেয়ার: আপনি কি কোন নাচ, গান বা আবৃত্তি করতে পারেন?
প্রার্থী: জি স্যার। আমি অল্প-বিস্তর গান করি। চেয়ার: কি গান করেন, আপনি?
প্রার্থী: আমি সব ধরনের গান করি স্যার।
ডিপিইও: বাংলাদেশের কোন শিল্পীকে সুর সম্রাজ্ঞী বলা হয়?
প্রার্থী: এমপি মমতাজ বেগমকে, স্যার।
ডিপিইও: মমতাজ বেগম তার ৪ দশকের কর্মজীবনে কতগুলো গান রেকর্ড করেছেন?
প্রার্থী: ৭০০-এর অধিক, স্যার।
চেয়ার: মানিকগঞ্জের একজন নারী এমপি'র নাম বলুন? প্রার্থী: মমতাজ বেগম।
ডিপিইও: আচ্ছা উনার কোন একটি গানের দু'টি লাইন গেয়ে শুনান তো?
প্রার্থী: এক কাপ চা নিয়ে ভাগ করে খাওয়া, আড্ডার টেবিলে বসে। মঞ্চে শ্রোতাদের হাত তালি পাওয়া ...।
চেয়ার: অনেক ভালো গেয়েছেন...। আচ্ছা, মমতাজ বেগমের বাবা- মার নাম কী?
প্রার্থী: মধু বয়াতি (বাবা) এবং উজালা বেগম (মা)।
ডিপিইও: 'সব কটা জানালা খুলে দাও না' - গানটির গীতিকার কে?
প্রার্থী: নজরুল ইসলাম বাবু, স্যার।
ডিপিইও: 'সব কটা জানালা খুলে দাও না' -গানটির সুরকার কে?
প্রার্থী: আহমেদ ইমতিয়াজ বুলবুল, স্যার।
বস: মনির চৌধুরীর বাড়ি কোন উপজেলায়? প্রার্থী: দৌলতপুর উপজেলায়।
চেয়ার: আপনাকে শেষ প্রশ্ন করছি, কত তারিখে মানিকগঞ্জ জেলা হানাদার মুক্ত হয়?
প্রার্থী: ১৪ই ডিসেম্বর, স্যার।
চেয়ার: ধন্যবাদ রহমত, আপনি আসুন। প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম।

## নরসিংদী জেলা (নমুনা ভাইভা - ৮)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: নমস্কার, স্যার।

www.Educationblog24.com

চেয়ার: নমস্কার, বসুন, আপনার নাম তো সন্ধ্যা মালতী, এ নামের অর্থ কী?
প্রার্থী: ধন্যবাদ স্যার, আমার নামের অর্থ একটি ফুলবিশেষ।
চেয়ার: আপনি কোন বিষয়ে পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমি নরসিংদী সরকারি কলেজ থেকে সমাজকর্মে মাস্টার্স করেছি।
ডিপিইও: নরসিংদী জেলার কোন উপজেলায় আপনার বাড়ি?
প্রার্থী: বেলাবো উপজেলায়, স্যার।
চেয়ার: উয়ারী ও বটেশ্বর কী?
প্রার্থী: ধন্যবাদ স্যার, উয়ারী ও বটেশ্বর বেলাবো উপজেলার ২টি গ্রামের নাম।
চেয়ার: উয়ারী বটেশ্বর কিসের জন্য বিখ্যাত?
প্রার্থী: একটি প্রত্নতাত্ত্বিক স্থান। এটি মাটির নিচে অবস্থিত ২৫০০ বছরের পুরনো একটি দুর্গ-নগরী। তবে ২০০০ সালে আবিষ্কৃত কিছু প্রত্ন নিদর্শনে যুক্তরাষ্ট্র, নেদারল্যান্ডস এবং নিউজিল্যাণ্ডের পরীক্ষাগারে কার্বন-১৪ পরীক্ষার প্রেক্ষিতে উয়ারীর বসতিকে খ্রিস্টপূর্ব ৪৫০ অব্দের বলে নিশ্চিত করা হয়েছে।
ডিপিইও: কুকুরমারা মডেল সরকারি প্রা: বিদ্যালয়টি কোথায় অবস্থিত?
প্রার্থী: বেলাবো উপজেলায়, স্যার।
চেয়ার: সমাজকর্মের জনক কে? প্রার্থী: ম্যারি রিচমন্ড, স্যার।
চেয়ার: 'Introduction to social welfare' গ্রন্থের রচয়িতা কে?
প্রার্থী: W. A. Friedlander. স্যার।
চেয়ার: সমাজকর্ম সম্পর্কে W. A. Friedlander সংজ্ঞাটি বলুন তো[১]?
প্রার্থী: ধন্যবাদ স্যার, W. A. Friedlander এর মতে, সমাজকর্ম একটি সাহায্যকারি পেশা যা সমাজের দুঃস্থ, অসহায়, গরিব লোকদের সাহায্যকারি পেশা হিসেবে পরিচিত। সমাজকর্ম শুধু সমাজের অসহায় লোকদের সাহায্য করে না অধিকন্তু তারা যাতে স্বাবলম্বী হতে পারে সেই দিকে বিশেষ লক্ষ্য রাখে।
চেয়ার: নরসিংদীর ৩টি নদীর নাম বলুন। প্রার্থী: মেঘনা, শীতলক্ষ্যা ও আড়িয়াল খাঁ।
বস: মুক্তিযুদ্ধে নরসিংদী জেলার শহিদ একজন বীরশ্রেষ্ঠ'র নাম বলুন?
প্রার্থী: ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, স্যার।
বস: নরসিংদী জেলার একজন বিশিষ্ট ছাত্র নেতার নাম বলুন- যিনি ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে শহিদ হন। প্রার্থী: শহিদ আসাদ, স্যার।
বস: নরসিংদী নামটি কোন রাজার নামানুসারে উৎপত্তি হয়েছে?
প্রার্থী: রাজা নরসিংহের নামানুসারে, স্যার।
বস: নরসিংদী জেলার উপজেলা কয়টি? প্রার্থী: ৬টি উপজেলা, স্যার।
বস: মিস্ মালতী, আপনি কী গান করেন? প্রার্থী: জি স্যার।
বস: ডি এল রায়-এর পূর্ণরূপ কী এবং উনার জন্মস্থান কোথায়?
প্রার্থী: দ্বিজেন্দ্র লাল রায় এবং জন্মস্থান ভারতের পশ্চিম বাংলার নদীয়া জেলায়।
চেয়ার: ডি এল রায়-এর একটি জনপ্রিয় দেশাত্মবোধক গান গেয়ে শুনাতে পারবেন?
প্রার্থী: জি স্যার, "ধনধান্য পুষ্পভরা আমাদের এই বসুন্ধরা - তাহার মাঝে আছে দেশ এক সকল দেশের সেরা; ও সে, স্বপ্ন দিয়ে তৈরি সে-দেশ, স্মৃতি দিয়ে ঘেরা; এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি, সকল দেশের রানি সে যে- আমার জন্মভূমি।"

১ প্রিয় মৌখিক পরীক্ষার্থীগণ, আপনারা অবশ্যই আপনাদের স্নাতক ও স্নাতকোত্তর বিষয়ের জনক কে-তা জানাসহ সংশ্লিষ্ট বিষয়ের স্বনামধন্য বিশেষজ্ঞদের ২/৩টি সংজ্ঞা আয়ত্ব করে যাবেন - ধন্যবাদ।

www.Educationblog24.com

চেয়ার: ধন্যবাদ সন্ধ্যা মালতী। চমৎকার গেয়েছেন। আচ্ছা, বলুন তো একজন প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের প্রধান ৩টি দায়িত্ব কী হওয়া উচিত?
প্রার্থী: ধন্যবাদ স্যার, প্রথমত: নিয়মিত শ্রেণিকক্ষে পাঠদান করা; দ্বিতীয়ত: নিজের অর্পিত দায়িত্বগুলো যথাসময়ে সঠিকভাবে পালন করা এবং তৃতীয়ত: শিশুদেরকে নৈতিক শিক্ষার উপর গুরুত্বারোপ করা।
চেয়ার: ধন্যবাদ মিস সন্ধ্যা মালতী, আপনার জন্য শুভ কামনা, আপনি আসুন।
প্রার্থী: আপনাকেও ধন্যবাদ স্যার, নমস্কার।

## মুন্সিগঞ্জ জেলা (নমুনা ভাইভা - ১)

প্রার্থী: আমি কি আসবো স্যার? চেয়ার: আসুন।
প্রার্থী: আস্সালামু আলাইকুম, স্যার। চেয়ার: বসুন, আপনার নাম কী?
প্রার্থী: আমার নাম নিলিমা নাসরিন, স্যার।
চেয়ার: নিলিমা, আপনার বাড়ি মুন্সিগঞ্জ জেলার কোন উপজেলায়?
প্রার্থী: মুন্সিগঞ্জ সদর উপজেলা, স্যার।
চেয়ার: প্রাচীন বৌদ্ধ বিহার মুন্সিগঞ্জ জেলার কোথায় সন্ধান পাওয়া যায়?
প্রার্থী: মুন্সীগঞ্জ সদর উপজেলার রামপাল ইউনিয়নের রঘুরামপুর গ্রামে।
ডিপিইও: শ্যামানন্দ সেন কেন বিখ্যাত ছিলেন?
প্রার্থী: ব্রিটিশ বিরোধী স্বাধীনতা আন্দোলনে বিপ্লবী নেতা ছিলেন।
বস: মো: মোশাররফ হোসেন খাঁন কে ছিলেন?
প্রার্থী: ইংলিশ চ্যানেল পার হওয়া দ্বিতীয় বাংলাদেশি ব্যক্তি, স্যার।
বস: মোশাররফ হোসেন খাঁন-এর বাড়ি কোথায়?
প্রার্থী: টঙ্গিবাড়ি উপজেলায়, স্যার।
বস: টঙ্গিবাড়ি উপজেলার আরো বিশিষ্ট ২ জন ব্যক্তির নাম বলুন তো?
প্রার্থী: সত্যেন সেন (সাংস্কৃতিক ব্যক্তিত্ব) ও ফখরুদ্দীন আহমদ (সাবেক তত্ত্বাবধায়ক সরকার প্রধান ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর)।
বস: বাংলাদেশের ইতিহাসের সবচেয়ে বড় অবকাঠামো প্রকল্প কোনটি?
প্রার্থী: পদ্মা সেতু প্রকল্প, স্যার।
বস: পদ্মা সেতু প্রকল্পের নাম কী? প্রার্থী: 'পদ্মা বহুমুখী সেতু প্রকল্প'।
ডিপিইও: পদ্মা সেতু কী ধরণের মেটাল দিয়ে তৈরি?
প্রার্থী: কংক্রিট আর স্টিল দিয়ে তৈরি (যা বিশ্বে প্রথম)।
ডিপিইও: পদ্মা সেতু নির্মিত হলে বাংলাদেশের দক্ষিণ অংশের কয়টি জেলার সঙ্গে ঢাকার সংযোগ স্থাপিত হবে? প্রার্থী: ২১ টি জেলার সঙ্গে।
ডিপিইও: পদ্মা সেতু নির্মিত হলে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কয়টি জেলার সঙ্গে সারা দেশের সরাসরি সংযোগ স্থাপিত হবে? প্রার্থী: ২৯ জেলার সঙ্গে, স্যার।
ডিপিইও: পদ্মার মূল সেতু অর্থাৎ নদীর অংশের দৈর্ঘ্য কত কিলোমিটার।
প্রার্থী: দৈর্ঘ্য ৬.১৫ কিলোমিটার।
ডিপিইও: ভায়াডাক্ট বলতে কী বুঝায়?
প্রার্থী: পদ্মা সেতুর দুই পারে প্রায় চার কিলোমিটার সেতু নির্মাণ করা হয়। এটাকে বলা হয় ভায়াডাক্ট। এর মধ্যে স্টিলের কোনো স্প্যান নেই।
বস: মুন্সিগঞ্জ জেলার কয়েকজন বিখ্যাত ব্যক্তির নাম বলুন।
প্রার্থী: জগদীশচন্দ্র বসু (পদার্থবিদ), হুমায়ুন আজাদ (ঢাবি'র বাংলার অধ্যাপক), সিরাজুল ইসলাম চৌধুরী এবং চাষী নজরুল ইসলাম (চলচ্চিত্র পরিচালক)।
বস: লৌহজং শব্দটির উৎপত্তি হয় কিভাবে?

www.Educationblog24.com

প্রার্থী: লৌহ ও জংশন শব্দ দু'টির সংযোগে লৌহজং শব্দটির উৎপত্তি হয়।
চেয়ার: নিলিমা আপনার কি কোনো এক্সট্রা কারিকুলার বিষয়ে দক্ষতা আছে?
প্রার্থী: জি স্যার, আমি ছোট বেলা থেকে ক্যাসিক্যাল ড্যান্স করি?
চেয়ার: আপনার কি ক্যাসিক্যাল ডান্সের উপর কোনো সনদ আছে?
প্রার্থী: জি স্যার, আমি শিল্পকলা একাডেমি থেকে ২০১৫ সালে জুনিয়র নৃত্যশিল্পী হিসেবে প্রথম হওয়ার সনদ পেয়েছি।
চেয়ার: ধন্যবাদ নিলিমা, আপনি আসুন। প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম।

## ২. পদ্মা বিভাগ (প্রস্তাবিত)

### ফরিদপুর জেলা (নমুনা ভাইভা - ১০)

প্রার্থী: আসবো স্যার? চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম স্সালাম, বসুন, আপনার নাম কী?
প্রার্থী: আমার নাম সবুজ সিকদার।
চেয়ার: আপনার বাড়ি কোন উপজেলায়? প্রার্থী: চরভদ্রাসন উপজেলায়।
চেয়ার: চরভদ্রাসন উপজেলার নামকরণ হয় কিভাবে, জানেন কী??
প্রার্থী: ধন্যবাদ স্যার, ভদ্র সম্প্রদায়ের লোকজন চাষাবাদের মাধ্যমে চরটিকে শস্য-শ্যামল করেছিল বলে চরটির নামকরণ হয় চরভদ্রাসন।
চেয়ার: ফরিদপুর জেলার নামকরণ করা হয় কার নামানুসারে?
প্রার্থী: প্রখ্যাত সুফি সাধক শাহ শেখ ফরিদুদ্দিনের নামানুসারে।
ডিপিইও: ফরিদপুর জেলা পূর্ব নাম কী ছিল? প্রার্থী: 'ফতেহাবাদ', স্যার।
ডিপিইও: ফরিদপুর জেলায় কয়টি প্রধান নীল কুঠি ছিল এবং কোন উপজেলায়?
প্রার্থী: আলফাডাঙ্গা উপজেলার মীরগঞ্জে ৫২টি নীল কুঠি ছিল।
ডিপিইও: ফরিদপুর জেলায় শিক্ষার হার কত? প্রার্থী: ৭৩ শতাংশ, স্যার।
বস: ফরিদপুরের কোন-কোন নদীর তীরে নীল চাষ করা হতো?
প্রার্থী: গড়াই, মধুমতি ও চন্দনা বারাশিয়া নদীর তীরে, স্যার।
ডিপিইও: ফরিদপুর জেলা শহর কোন নদীর তীরে অবস্থিত? প্রার্থী: কুমার নদীর তীরে।
ডিপিইও: ফরিদপুর পৌরসভা সৃষ্টি করা হয় কখন? প্রার্থী: ১৮৬৯ সালে, স্যার।
চেয়ার: শেরশাহ গ্রান্ড ট্রাংক রোড কোথায় অবস্থিত? প্রার্থী: ফরিদপুর জেলায়।
ডিপিইও: বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ স্মৃতি যাদুঘর ও পাঠাগার কোথায় অবস্থিত?
প্রার্থী: ফরিদপুর জেলায়, স্যার।
বস: বলুন তো বাংলা সনেটের রচয়িতা কে? প্রার্থী: মাইকেল মধুসূদন দত্ত।
ডিপিইও: 'নীল দর্পণ' কার রচনা? প্রার্থী: দীনবন্ধু মিত্র, স্যার।
চেয়ার: বাংলা সাহিত্যের জনক কে? প্রার্থী: বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, স্যার।
ডিপিইও: মুজিবনগর সরকারে রাষ্ট্রপতি ও ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি কে ছিলেন?
প্রার্থী: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও সৈয়দ নজরুল ইসলাম।
বস:মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ ফোর্সের হেড কোয়ার্টার কোথায় ছিল?
প্রার্থী: ৮, থিয়েটার রোড, কলকাতা, স্যার।
বস:মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক কে ছিলেন? প্রার্থী: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
বস:মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ ফোর্সের প্রধান কমান্ডিং কমকর্তা কে ছিলেন?
প্রার্থী: এম. এ. জি. ওসমানী, স্যার।
বস:মুক্তিযুদ্ধে 'চিফ অব স্টাফ' কে ছিলেন? প্রার্থী: লে. কর্নেল এমএ. রব।
বস:মুক্তিযুদ্ধে বাংলাদেশ ফোর্সের 'ডেপুটি চিফ অব স্টাফ' কে ছিলেন?

www.Educationblog24.com

প্রার্থী: আব্দুল করিম (একে) খন্দকার, স্যার।
ডিপিইও: 'পথের প্যাঁচালী' কার রচনা? প্রার্থী: বিভূতিভূষণ বন্দোপাধ্যায়, স্যার।
ডিপিইও: সবুজ, সাংস্কৃতিক অঙ্গনে আপনার পদ চারণা আছে কী? প্রার্থী: জি স্যার।
চেয়ার: এক্সট্রা কারিকুল্যার কি পারেন বলুন তো?
প্রার্থী: স্যার আমি ভালো বক্তৃতা ও আবৃত্তি করতে পারি।
চেয়ার: রবীন্দ্রনাথ ঠাকুরের 'নয়ন তোমারে পায় না দেখিতে' কবিতাটির ৪ লাইন আবৃত্তি করে শুনান তো?
প্রার্থী: ধন্যবাদ স্যার, নয়ন তোমারে পায় না দেখিতে - রয়েছ নয়নে নয়নে,
হৃদয় তোমারে পায় না জানিতে - হৃদয়ে রয়েছ গোপনে।
চেয়ার: ধন্যবাদ সবুজ সিকদার, আপনি এবার আসতে পারেন।
প্রার্থী: ধন্যবাদ স্যার, আস্সালামু আলাইকুম।

## গোপালগঞ্জ জেলা (নমুনা ভাইভা - ১১)

প্রার্থী: আমি কি আসতে পারি, স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বলুন, আপনার নাম কী?
প্রার্থী: স্যার, আমার নাম শেখ আলামিন।
চেয়ার: আপনার বাড়ি গোপালগঞ্জ জেলার কোন উপজেলায়?
প্রার্থী: টুঙ্গিপাড়া উপজেলায়, স্যার।
চেয়ার: গোপালগঞ্জের প্রাচীন এবং অতীত নাম কি ছিল?
প্রার্থী: রাজগঞ্জ, স্যার।
চেয়ার: টুঙ্গিপাড়া কোন মহান ব্যক্তির জন্য বিখ্যাত?
প্রার্থী: ধন্যবাদ স্যার, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম স্থান।
ডিপিইও: টুঙ্গিপাড়া উপজেলার কোন ইউনিয়নে জাতির জনক জন্ম গ্রহণ করেন?
প্রার্থী: টুঙ্গিপাড়া উপজেলার পাটগাতি ইউনিয়নের টুঙ্গিপাড়া গ্রামে, স্যার।
ডিপিইও: জাতির জনকের ৭ই মার্চের ভাষণ রেকর্ড ও সংরক্ষণ করেন কে?
প্রার্থী: এম এ খায়ের (জন্মস্থান মুকসুদপুর উপজেলার ঝুটিগ্রাম)।
চেয়ার: টুঙ্গিপাড়া উপজেলার একটি বিশিষ্ট স্থানের নাম বলুন?
প্রার্থী: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধী সৌধ, স্যার।
চেয়ার: শেখ ফজলুল হক মনি কে ছিলেন?
প্রার্থী: যুবলীগের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ছিলেন স্যার (বঙ্গবন্ধুর ভাগনে)।
বস: গোপালগঞ্জে বঙ্গবন্ধুর মাতার নামে কী ধরনের প্রতিষ্ঠান করা হয়?
প্রার্থী: স্যার আমার নাম কাইয়ুম মন্ডল, আমি গাইবান্ধা সরকারি কলেজ থেকে অর্থনীতিতে মাস্টার্স করেছি।
চেয়ার: গাইবান্ধা সরকারি কলেজ কত সালে প্রতিষ্ঠা? প্রার্থী: ১৯৪৭ সালে স্যার।
চেয়ার: গাইবান্ধার কোন উপজেলায় আপনার বাড়ি? প্রার্থী: সুন্দরগঞ্জ উপজেলায়।
চেয়ার: গাইবান্ধার নামকরণ হয় কিভাবে?
প্রার্থী: বিরাট রাজার গাভী বাঁধার স্থান হিসাবে গাইবান্ধা নামটি এসেছে বলে অনেকেই মনে করেন।
ডিপিইও: বিরাট রাজার রাজধানী ছিল কোথায়? প্রার্থী: গোবিন্দগঞ্জ এলাকায়।
ডিপিইও: গাইবান্ধা জেলা কখন প্রতিষ্ঠিত হয়? প্রার্থী: ১৯৮৪ সালের ১৫ অগাস্ট।
প্রার্থী: ড্রিম সিটি পার্ক কোথায় অবস্থিত? প্রার্থী: সাঘাটা স্যার।
ডিপিইও: গাইবান্ধা জেলার কোথায় কুটির শিল্প আছে? প্রার্থী: কোচাশহর, স্যার।
বস: গাইবান্ধা জেলার কতিপয় কৃতী ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: আবু হোসেন সরকার, শাহ আব্দুল হামিদ, আখতারুজ্জামান ইলিয়াস (সাহিত্যিক), মাহাবুব এলাহী রনজু (বীর প্রতীক), ফজলে রাব্বী মিয়া (বর্তমান ডেপুটি স্পিকার) এবং আজিজার রহমান সরকার প্রমুখ।
বস: গাইবান্ধা সদর উপজেলার বিখ্যাত মিষ্টির নাম কী? প্রার্থী: রসমঞ্জুরী।
প্রার্থী: সুন্দরগঞ্জ উপজেলা কয়টি ইউনিয়ন নিয়ে গঠিত? প্রার্থী: ১৫টি ইউনিয়ন।
ডিপিইও: সুন্দরগঞ্জ উপজেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: ৭৮.১৩ শতাংশ স্যার।
চেয়ার: সুন্দরগঞ্জের একটি দর্শনীয় স্থান কী? প্রার্থী: বামনডাঙ্গা জমিদার বাড়ি।
বস: আখতারুজ্জামান ইলিয়াস কে ছিলেন? প্রার্থী: একজন সাহিত্যিক স্যার।
বস: স্বাধীন বাংলাদেশের প্রথম স্পিকার কে ছিলেন? প্রার্থী: শাহ্ আব্দুল হামিদ।
বস: শাহ্ আব্দুল হামিদ এর বাড়ি কোথায়? প্রার্থী: গাইবান্ধা সদর উপজেলায়।
চেয়ার: 'অবসর সময়ে সে ঘুরতে পছন্দ করে'- ইংরেজি করুন?
প্রার্থী: S/he likes to travel when s/he has leisure time.
চেয়ার: কাইয়ুম ৬৪ টাকা দিয়ে ১৬টি পেনসিল কিনল। ২৪টি পেনসিল কেনার জন্য সে কত টাকা দেবে? প্রার্থী: ৯৬ টাকা।
বস: কাইয়ুম, আপনি কি কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত?
প্রার্থী: জি স্যার, আমি মানুষের ভাষা ও আচরণ নকল করতে পারি।
বস: তাই নাকি, কার-কার ভাষা নকল করতে পারেন?
প্রার্থী: স্যার আমি, হুজুরদের ওয়াজ, হিরো আলম, আরেফিন সিদ্দিক প্রমুখ।

www.Educationblog24.com

চেয়ার: একজনের ওয়াজ নকল করে দেখান তো?
প্রার্থী: 'যে মুসলমান ভায়েরা, কিয়ামত অতি সন্নিকটে, কন ঠিক কিনা? কথা কইবেন না। সুবহান আল্লাহ কইবেন না...'।
চেয়ার: খুব ভালো নকল করেছেন। আপনাকে ধন্যবাদ, আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম, স্যার।

## ঠাকুরগাঁও জেলা (নমুনা ভাইভা - ৪৮)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন।
চেয়ার: আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমার নাম মিথিলা মহসিন, আমি ঠাকুরগাঁও সরকারি মহিলা কলেজ থেকে সমাজ বিজ্ঞানে অনার্সসহ মাস্টার্স সম্পন্ন করেছি।
চেয়ার: ঠাকুরগাঁও জেলা কয়টি উপজেলা নিয়ে গঠিত? প্রার্থী: ৫টি উপজেলা।
চেয়ার: ঠাকুরগাঁও'র কোন উপজেলায় আপনার বাড়ি? প্রার্থী: পীরগঞ্জ উপজেলায়।
চেয়ার: ঠাকুরগাঁও সদর উপজেলার ২জন কৃতী ব্যক্তির নাম বলুন।
প্রার্থী: তৃপ্তি মিত্র ও মির্জা ফখরুল ইসলাম আলমগীর, স্যার।
চেয়ার: পীরগঞ্জ উপজেলা কয়টি ইউনিয়ন নিয়ে গঠিত? প্রার্থী: ১০টি ইউনিয়ন।
চেয়ার: পীরগঞ্জ উপজেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: মোট ৪৭.৮ শতাংশ।
চেয়ার: পীরগঞ্জ উপজেলায় সর: প্রা: বিদ্যালয় কয়টি? প্রার্থী: মোট ১৭৫টি।
বস: পীরগঞ্জ উপজেলার ৩টি দর্শনীয় স্থান ও স্থাপনার নাম বলুন?
প্রার্থী: রাজভিটা, তিমটিয়া শিবমন্দির ও ফানসিটি শিশুপার্ক।
বস: ঠাকুরগাঁও'র স্থানীয় জনগণ কোন ভাষায় কথা বলে? প্রার্থী:কোচ রাজবংশীয়।
বস: ঠাকুরগাঁও জেলার কয়েকজন কৃতী ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: রাজা গণেশ, মির্জা ফখরুল ইসলাম আলমগীর, সুরবালা সেনগুপ্ত, রাজা টংকনাথ চৌধুরী, নরেন্দ্র চন্দ্র ঘোষ, নারায়ণ গঙ্গোপাধ্যায়, স্বদেশরঞ্জন মুখোপাধ্যায়, মোঃ খাদেমুল ইসলাম এবং হাফিজ উদ্দিন আহম্মেদ প্রমুখ।
ডিপিইও: ঠাকুরগাঁও জেলায় প্রত্নতত্ত্ব অধিদপ্তরের তালিকাভুক্ত দু'টি প্রত্নতাত্ত্বিক স্থাপনার নাম বলুন?
প্রার্থী: ঢোলার হাট মন্দির ও জামালপুর জামে মসজিদ স্যার।
ডিপিইও: কত সালে রাজা গণেশ এর শাসনামল ছিল? প্রার্থী: ১৪১৫ সালে।
বস: অপরাজেয় ৭১ ভাস্কর্য ঠাকুরগাঁওয়ের কোন নদীর তীরে অবস্থিত?
প্রার্থী: টাঙ্গন নদীর তীরে স্যার।
ডিপিইও: ১২টি আপেলের দাম ১২ টাকা হলে, ১ ডজন আপেলের দাম কত?
প্রার্থী: ১২ টাকা স্যার।
বস: মাতার বয়স পুত্রের বয়সের ৫ গুণ। মাতা বয়স ৬৫ বছর হলে, পুত্রের বয়স কত? প্রার্থী: ১৩ বছর স্যার।
চেয়ার: 'স্যার আমি আপনাকে স্পষ্ট শুনতে পাচ্ছি না।' - ইংরেজি করুন।
প্রার্থী: I can't hear you clearly, Sir?
বস: মিথিলা, আপনি কি কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত আছেন?
প্রার্থী: জি স্যার, আমি রংপুরের ভাওয়াইয়া গান গাইতে পারি।
বস: তাই নাকি, একটি ভাওয়াইয়া গান অল্প করে গেয়ে শুনান তো?

www.Educationblog24.com

প্রার্থী: স্যার আমি চেষ্টা করছি: "ও কি গাড়িয়াল ভাই, কত রব আমি পন্থের দিকে চাএয়া রে। যেদিন গাড়িয়াল উজান যায় ...।"
চেয়ার: খুব ভালো গেয়েছেন। আপনাকে ধন্যবাদ, আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম, স্যার।

## দিনাজপুর জেলা (নমুনা ভাইভা - ৪৯)

প্রার্থী: আমি কি আসবো, স্যার? চেয়ার: আসুন প্লিজ।
প্রার্থী: আস্সালামু আলাইকুম স্যার।
চেয়ার: বসুন। আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমার নাম দবির উদ্দিন, আমি হাজি দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে বাংলায় অনার্সসহ মাস্টার্স করেছি।
চেয়ার: দিনাজপুর জেলা কয়টি উপজেলা নিয়ে গঠিত? প্রার্থী: ১৩টি উপজেলা।
চেয়ার: দিনাজপুরের কোন উপজেলায় আপনার বাড়ি? প্রার্থী: বিরামপুর উপজেলায়।
ডিপিইও: বিরাট রাজার রাজধানী ছিল কোথায়? প্রার্থী: বিরামপুর স্যার।
ডিপিইও: মুক্তিযুদ্ধে বিরামপুর উপজেলা কতনং সেক্টরে ছিল? প্রার্থী:৭ নং সেক্টর স্যার।
ডিপিইও: ৭ নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?
প্রার্থী: সেক্টর কমান্ডার মেজর নাজমুল হুদা ও মেজর নুরুজ্জামান স্যার।
ডিপিইও: বিরামপুর উপজেলা কয়টি ইউনিয়ন নিয়ে গঠিত? প্রার্থী: ৭টি স্যার।
বস: বিরামপুরে কয়টি মাহলী উপজাতি পরিবার বাস করে? প্রার্থী: ৩৫টি।
বস: বিরামপুর উপজেলার কয়েকটি দর্শনীয় স্থানের নাম বলুন?
প্রার্থী: স্বপ্নপুরী, আসুরার বিল, সীতাকোট বিহার, নবাবগঞ্জ জাতীয় উদ্যান, চোর চক্রবর্তীর ঢিবি এবং রঘুনি কান্ত জমিদার বাড়ি।
বস: বিরামপুর উপজেলার একজন কৃতী ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: বিচারপতি ইজারুল ইসলাম।
চেয়ার: মুক্তিযুদ্ধে দিনাজপুর কত নং সেক্টরের অধীনে ছিল? প্রার্থী: ৬ ও ৭ নং।
বস: দিনাজপুর জেলার সংসদীয় আসন কয়টি? প্রার্থী: ৬টি স্যার।
চেয়ার: দিনাজপুর জেলার শিক্ষার গড় হার কত? প্রার্থী: মোট ৪৫.৭ শতাংশ।
বস: দিনাজপুর জেলার কয়েকটি প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যের নাম বলুন?
প্রার্থী: বার পাইকের গড়, ঘোড়াঘাট দুর্গ, প্রাচীন বিষ্ণু মন্দির, কালিয়া জীউ মন্দির এবং রামসাগর ইত্যাদি।
চেয়ার: দিনাজপুরের ৩টি গণমাধ্যমের নাম বলুন?
প্রার্থী: দৈনিক উত্তরা, দৈনিক প্রতিদিন ও দৈনিক উত্তর বাংলা।
ডিপিইও: দিনাজপুর জেলার কয়েক জন বিশিষ্ট ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: হাজী মোহাম্মদ দানেশ, খালেদা জিয়া, অধ্যাপক ইউসুফ আলী, এম আব্দুর রহিম, সুভাষ দত্ত, বিচারপতি এটিএম আফজাল, খুরশীদ জাহান হক, মোস্তাফিজুর রহমান ফিজার এবং লিটন দাস প্রমুখ।
বস: দবির, আপনি কি কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত আছেন?
প্রার্থী: জি স্যার, আমি কবিতা আবৃত্তি করতে পারি।
বস: তাই নাকি, একটি কবিতার ২ লাইন আবৃত্তি করে শুনান তো?
প্রার্থী: জি স্যার: "নিলক্ষা আকাশ নীল, হাজার হাজার তারা ঐ নীলে অগণিত আর নিচে গ্রাম, গঞ্জ, হাট, জনপদ, লোকালয় আছে উনসত্তর হাজার।"
চেয়ার: কবিতাটির কবি ও কবিতার নাম কী?
প্রার্থী: কবিতা: নূরলদীনের কথা মনে পড়ে যায়। কবির নাম: সৈয়দ শামসুল হক।

www.Educationblog24.com

## পঞ্চগড় জেলা (নমুনা ভাইভা - ৫১)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্‌সালামু আলাইকুম স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন।
চেয়ার: আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমার নাম ফাতেমা জান্নাত, আমি কারমাইকেল সরকারি কলেজ থেকে সমাজ বিজ্ঞানে অনার্সসহ মাস্টার্স করেছি।
ডিপিইও: আপনার বাড়ি পঞ্চগড় জেলার কোন উপজেলায়? প্রার্থী: তেঁতুলিয়া স্যার।
চেয়ার: পঞ্চগড় জেলা কয়টি উপজেলা নিয়ে গঠিত? প্রার্থী: ৫টি উপজেলা স্যার।
চেয়ার: তেঁতুলিয়া উপজেলা কয়টি ইউনিয়ন নিয়ে গঠিত? প্রার্থী: ৭টি ইউনিয়ন।
চেয়ার: তেঁতুলিয়া উপজেলা ৪টি নদীর নাম বলুন?
প্রার্থী: করতোয়া, গোবরা, ডাহুক ও মহানন্দা নদী।
বস: তেঁতুলিয়া উপজেলা কয়েকটি প্রাচীন নিদর্শনের নাম বলুন?
প্রার্থী: ডাহুক বনভোজন কেন্দ্র ও রওশনপুর আনন্দধারা ও চা বাগান, বাংলাবান্ধা জিরো পয়েন্ট ও স্থলবন্দর ইত্যাদি।
বস: 'পঞ্চ' এবং 'গড়' শব্দের অর্থ কী?
প্রার্থী: 'পঞ্চ' শব্দের অর্থ পাঁচ, আর 'গড়' শব্দের অর্থ বন বা জঙ্গল স্যার।
ডিপিইও: কখন পঞ্চগড় জেলা শত্রুমুক্ত হয়? প্রার্থী: ২৯ নভেম্বর স্যার।
বস: মুক্তিযুদ্ধের সময় পঞ্চগড় জেলা কত নং সেক্টরে ছিল। প্রার্থী: ৬নং সেক্টরে।
বস: মুক্তিযুদ্ধকালীন দেশের পঞ্চগড় জেলাসহ মোট কয়টি এলাকা মুক্তাঞ্চল ছিল?
প্রার্থী: ৪টি এলাকা, স্যার।
বস: পঞ্চগড় জেলায় কয়টি নদী আছে? প্রার্থী: ২৩টি নদী স্যার।
বস: কোন গাছের পাতা থেকে গাছ জন্মায়? প্রার্থী: পাথরকুচি স্যার।
প্রার্থী: বগুড়ার মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত? প্রার্থী: করতোয়া নদী।
চেয়ার: 'বগা লেক' বাংলাদেশের কোনো জেলায় অবস্থিত? ৮. বান্দরবান
চেয়ার: VGF বলতে কী বোঝায়? প্রার্থী: Vulnerable Group Feeding.
বস: ইংরেজি করুন: "সে একজন ভালো গায়ক।"
প্রার্থী: S/he is a good singer.
বস: I have come from Dhaka. -এই বাক্যটির অর্থ কী?
প্রার্থী: আমি ঢাকা থেকে এসেছি।
চেয়ার: ৪টি কলমের দাম ৮০ টাকা। ১০টি কলমের দাম কত? প্রার্থী: ২০০ টাকা।
বস: ফাতেমা, আপনি কি কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত আছেন?
প্রার্থী: জি স্যার, আমি ইসলামি গান করি।
বস: তাই নাকি, দু'টো লাইন গেয়ে শুনান তো?
প্রার্থী: জি স্যার: এই সুন্দর ফুল, সুন্দর ফল মিঠা নদীর পানি। খোদা তোমার মেহেরবানী...।
চেয়ার: ধন্যবাদ। আপনি আসুন। প্রার্থী: ধন্যবাদ, আস্‌সালামু আলাইকুম, স্যার।

www.Educationblog24.com

## কুড়িগ্রাম জেলা (নমুনা ভাইভা - ৫২)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার? চেয়ার: আসুন।
প্রার্থী: আস্‌সালামু আলাইকুম স্যার।
চেয়ার: বসুন। আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?

চেয়ার: কালীগঞ্জ উপজেলা কয়েকজন কৃতী ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: শহিদ তমিজ উদ্দিন (বীর বিক্রম), শেখ ফজলল করিম, রেয়াজউদ্দীন আহমদ, করিম উদ্দিন আহমেদ এবং নুরুজ্জামান আহমেদ।
চেয়ার: নিদারিয়া মসজিদটি কত সালে নির্মাণ করা হয়? প্রার্থী: ৬৯০ সালে স্যার।
প্রার্থী: কালিবাড়ি মন্দির ও মসজিদ (পাশাপাশি স্থাপিত মসজিদ ও মন্দির) কোথায় অবস্থিত? প্রার্থী: লালমনিরহাট জেলায় স্যার।
বস: লালমনিরহাট জেলার কয়েকটি প্রত্নতাত্ত্বিক স্থাপনার নাম বলুন?
প্রার্থী: কাকিনা জমিদার বাড়ি, কালিবাড়ি মন্দির ও মসজিদ, তুষভাণ্ডার জমিদার বাড়ি, কালীমন্দির, তিস্তা সেচ প্রকল্প এবং বুড়িমারী জিরো পয়েন্ট ইত্যাদি।
চেয়ার: লালমনিরহাট জেলার শিক্ষার হার কত? প্রার্থী: ৬৫ শতাংশ স্যার।
ডিপিইও: মুক্তিযুদ্ধের ৬নং সেক্টরের হেডকোয়ার্টার ছিল কোথায়?
প্রার্থী: শ্রীরামপুর ইউনিয়নের বুড়িমারীতে, স্যার।
বস: ৬নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন? প্রার্থী: এম. এ. বাশার।
বস: লালন ফকিরের জন্মস্থান কোথায়? প্রার্থী: কুষ্টিয়া জেলায় স্যার।
বস: 'বাংলাদেশ ও বঙ্গবন্ধু'-গ্রন্থটির লেখক কে? প্রার্থী: মোনায়েম সরকার।
ডিপিইও: বর্তমানে লন্ডনের মেয়রের নাম কী? প্রার্থী: সাদেক খান।
ডিপিইও: সৌদি আরবের রাজধানীর নাম কি? প্রার্থী: রিয়াদ, স্যার।
ডিপিইও: পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৮০ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ হলে, পিতার বয়স কত? প্রার্থী: ৬০ বছর, স্যার।
বস: উম্মে সালেহা, আপনি কি কোনো সাংস্কৃতিক গুনাগুন আছে?
প্রার্থী: স্যার, আমি ভাওয়াইয়া গান গাইতে পারি।
বস: একটি গানের দু'টি চরণ গেয়ে শুনান তো?
প্রার্থী: জি স্যার: ওকি গাড়িয়াল ভাই, কত রব আমি পন্থের দিকে চাইয়া রে। যে দিন গাড়িয়াল উজান যায়- নারীর মন মর ছুইরা রয় রে ...।
চেয়ার: অনেক ভালো গেয়েছেন, আপনাকে ধন্যবাদ। আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম, স্যার।

www.Educationblog24.com

# ৯. ময়মনসিংহ বিভাগ

## ময়মনসিংহ জেলা (নমুনা ভাইভা - ৫৪)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম, বসুন।
চেয়ার: আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমার নাম আব্দুস সালাম, আমি সরকারি আনন্দমহন কলেজ থেকে উদ্ভিদ বিজ্ঞানে এমএসসি পাশ করেছি।
ডিপিইও: ময়মনসিংহ বিভাগের কোন জেলা সবচেয়ে বেশি উপজেলা নিয়ে গঠিত?
প্রার্থী: ময়মনসিংহ জেলা (১৩টি উপজেলা নিয়ে গঠিত)।
ডিপিইও: ময়মনসিংহ বিভাগের কোন জেলা সবচেয়ে কম উপজেলা নিয়ে গঠিত?
প্রার্থী: শেরপুর জেলা (৫টি উপজেলা নিয়ে গঠিত)।
বস: কখন ময়মনসিংহ বিভাগ ঘোষণা করা হয়? প্রার্থী: ২০১৫'র ১২ই জানু:
চেয়ার: ময়মনসিংহ জেলার কয়েকটি জমিদার বাড়ির নাম বলুন?

প্রার্থী: মুক্তাগাছার রাজবাড়ি, গৌরীপুর লজ, গৌরীপুর জমিদার বাড়ি, আঠারো বাড়ি জমিদার বাড়ি এবং রাজিবপুর জমিদার বাড়ি।
চেয়ার: ময়মনসিংহের জেলার ১জন উল্লেখযোগ্য ব্যক্তিত্বের নাম বলুন?
প্রার্থী: আবুল মনসুর আহমেদ।
বস: কোন আমলে ময়মনসিংহের নাম মোমেনশাহী ছিল? প্রার্থী: মোঘল আমলে।
ডিপিইও: ময়মনসিংহের রাস্তায় প্রথম কেরোসিনের বাতি জ্বালানো কত সালে?
প্রার্থী: ১৮৮৪ সালে।
বস: কত সালে ঢাকা-ময়মনসিংহ রেলপথ নির্মাণ করা হয়? প্রার্থী: ১৮৮৬ সালে।
বস: ময়মনসিংহের গারো উপজাতির ভাষার নাম কী? প্রার্থী: মান্দি ভাষা।
বস: ময়মনসিংহে কোন সাংস্কৃতিক ঐতিহ্য ইংরেজি ও ফরাসি ভাষায় অনূদিত হয়? প্রার্থী: মৈমনসিংহ গীতিকা।
চেয়ার: মৈমনসিংহ গীতিকার সংগ্রাহক কে? প্রার্থী: চন্দ্রকুমার দে।
চেয়ার: মৈমনসিংহ গীতিকা সম্পাদনা করেন কে? প্রার্থী: ড. দীনেশচন্দ্র সেন।
চেয়ার: ময়মনসিংহ সংস্কৃতির কয়েকটি পালা গানের নাম বলুন।
প্রার্থী: মহুয়া, চন্দ্রাবতী, দেওয়ানা মদিনা, মলুয়া, কমলা, দেওয়ান ভাবনা ইত্যাদি।
ডিপিইও: জাতীয় কবি কাজী নজরুল ইসলাম'র ত্রিশালের স্মৃতি বিজড়িত স্থানের নাম কী? প্রার্থী: কাজীর শিমলা।
বস: সালাম, আপনি কি কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত আছেন?
প্রার্থী: জি স্যার, আমি ময়মনসিংহের পালা গান করি।
বস: ২ লাইন গেয়ে শুনান তো? প্রার্থী: জি স্যার: 'আমার যমুনার জল দেখতে কালো চান করিতে লাগে ভাল, যৌবন মিশিয়া গেল জলে...।'
চেয়ার: ধন্যবাদ। আপনি আসুন। প্রার্থী: ধন্যবাদ, স্যার। আস্সালামু আলাইকুম।

www.Educationblog24.com

## জামালপুর জেলা (নমুনা ভাইভা - ৫৫)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: নমস্কার স্যার। চেয়ার: নমস্কার, বসুন।
চেয়ার: আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমার নাম সন্ধ্যারাণী বিশ্বাস, আমি সরকারি আনন্দমহন কলেজ থেকে উদ্ভিদ বিজ্ঞানে এমএসসি পাশ করেছি।
ডিপিইও: জামালপুর জেলার কোন উপজেলায় আপনার বাড়ি?
ডিপিইও: সরিষাবাড়ি উপজেলায় কয়টি ইউনিয়ন আছে? প্রার্থী: ৮টি ইউনিয়ন।
ডিপিইও: এশিয়া মহাদেশের বৃহত্তম সার কারখানার নাম কী?
প্রার্থী: যমুনা সার কারখানা।
ডিপিইও: যমুনা সার কারখানা কোথায় অবস্থিত? প্রার্থী: সরিষাবাড়ির তারাকান্দিতে।
বস: জামালপুর জেলার উপজেলা কয়টি? প্রার্থী: ৭টি স্যার।
ডিপিইও: জামালপুর জেলার শিক্ষার গড় হার কত? প্রার্থী: ৩৮.৫ শতাংশ।
ডিপিইও: জামালপুরকে কত তারিখে জেলা ঘোষণা করা হয়?
প্রার্থী: ১৯৭৮ সালে ২৬ ডিসেম্বর।
বস: জামালপুর কখন পাক-হানাদার মুক্ত হয়? প্রার্থী: ১৯৭১ সালে ১০ ডিসেম্বর।
বস: জামালপুর জেলার সর: প্রা: বিদ্যালয় কয়টি: প্রার্থী: ৫৮৮টি স্যার।
চেয়ার: মেজর জেনারেল খালেদ মোশাররফ বীর উত্তম কত নং সেক্টরের সেক্টর কমান্ডার ছিলেন?
প্রার্থী: ২নং সেক্টরের সেক্টর কমান্ডার এবং কে-ফোর্স এর সর্বাধিনায়ক।

বস: জামালপুর জেলার কতিপয় কৃতী ব্যক্তিত্বের নাম বলুন?
প্রার্থী: মির্জা আজম, আব্দুল কাইয়ুম, কমরেড মনজুরুল আহসান খান (সিপিবি), আতিউর রহমান, হাসান হাফিজুর রহমান, আনোয়ার হোসেন (অভিনেতা), আমজাদ হোসেন এবং আব্দুল্লাহ আল মামুন।
চেয়ার: গান্ধী আশ্রম এবং মধুটিলা ইকোপার্ক এবং শেখ হাসিনা সাংস্কৃতিক পল্লী কোথায় অবস্থিত? প্রার্থী: জামালপুর জেলায়।
চেয়ার: জামালপুর-৩ সংসদীয় আসনের এমপি কে? প্রার্থী: মির্জা আজম।
চেয়ার: ঝাড় কাটা নদী কোথায় অবস্থিত? প্রার্থী: মাদারগঞ্জ উপজেলায়।
চেয়ার: ইংরেজিতে অনুবাদ করুন: তুমি কি এটা আমার জন্য অনুবাদ করতে পার?
প্রার্থী: Can you translate this for me?
বস: লুইস ভিলেজ কোথায় অবস্থিত? প্রার্থী: জামালপুর সদর উপজেলায়।
চেয়ার: মেহের আফরোজ শাওন এর জন্মস্থান কোথায়?
প্রার্থী: জামালপুর সদর উপজেলায়।
চেয়ার: সন্ধারাণী বিশ্বাস, আপনি কী সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত?
প্রার্থী: জি স্যার, আমি নাচ করি।
বস: নাচের দু'টি বোল দেখান তো? প্রার্থী: জি স্যার, আমি চেষ্টা করছি: 'তেরে কেটে ধা তেরে কেটে ধা তা ধিন ধিন তা...।'
চেয়ার: আপনাকে ধন্যবাদ। আপনি আসুন। প্রার্থী: ধন্যবাদ, নমস্কার, স্যার।

## নেত্রকোনা জেলা (নমুনা ভাইভা - ৫৬)

www.Educationblog24.com

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আসসালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম। আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার, আমি আবরার ফয়সাল। আমি নেত্রকোনা সরকারি কলেজ থেকে সমাজ কর্মে অনার্সসহ মাস্টার্স করেছি।
চেয়ার: আবরার ফয়সাল, আপনার নামের অর্থ কী? প্রার্থী: স্যার, 'ন্যায় বিচারক'।
ডিপিইও: নেত্রকোনা জেলা কখন ঘোষণা করা হয়? প্রার্থী: ১৯৮৪'র ১৭ জানুয়ারি।
চেয়ার: নেত্রকোনা জেলার ব্রান্ডিং কী? প্রার্থী: 'নৈসর্গিক নেত্রকোনা'।
চেয়ার: আবরার, নেত্রকোনা জেলার কোন উপজেলায় আপনার বাড়ি?
প্রার্থী: স্যার আমার বাড়ি দুর্গাপুর উপজেলায়।
ডিপিইও: দুর্গাপুর উপজেলা নামে বাংলাদেশে কয়টি উপজেলা আছে?
প্রার্থী: ২টি স্যার। রাজশাহী জেলার দুর্গাপুর ও নেত্রকোনা জেলার দুর্গাপুর।
চেয়ার: নেত্রকোনা জেলা কয়টি উপজেলা নিয়ে গঠিত? প্রার্থী: ১০টি স্যার।
ডিপিইও: দুর্গাপুর উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় কয়টি? প্রার্থী: ৫৮টি।
বস: দুর্গাপুরের কী কী খনিজ সম্পদ আছে?
প্রার্থী: চিনামাটি বা সাদা মাটি, কাকর মাটি, নুড়ী পাথর, কয়লা এবং মোটা বালি।
বস: দুর্গাপুরের একজন কৃতী ব্যক্তির নাম বলুন? প্রার্থী: কমরেড মণি সিংহ।
বস: ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কালচারাল একাডেমি কোথায় অবস্থিত? প্রার্থী: বিরিশিরি।
বস: বিজয়পুরের কোন যুগের পাহাড়, কী ধরনের মাটি পাওয়া যায়?
প্রার্থী: টারশিয়ারি যুগের পাহাড়, সাদামাটি বা চীনা মাটি, স্যার।
ডিপিইও: নেত্রকোনার জেলার শিক্ষার হার কত? প্রার্থী: মোট ৩৪.৯ শতাংশ স্যার।
চেয়ার: নেত্রকোনা জেলা বিশিষ্ট কয়েকজন ব্যক্তির নাম বলুন?

প্রার্থী: কমরেড মণি সিংহ, রশিমনি হাজং, কুমুদিনী হাজং, গোলাম সামদানী কোরায়শী, শাহাবুদ্দিন আহমেদ, হেলাল হাফিজ এবং হুমায়ুন আহমেদ।
ডিপিইও: নেত্রকোনা জেলা কয়েকটি চিত্তাকর্ষক স্থানের নাম বলুন?
শাহ সুলতান কমরউদ্দিন রুমির মাজার শরীফ, উপজাতীয় কালচারাল একাডেমি, চিনামাটির পাহাড়, কমলা রাণীর দিঘী, মণি সিংহ'র স্মৃতিস্তম্ভ, কুমুদীনি স্তম্ভ, সোমেশ্বরী ও কংস নদী এবং সাত শহিদের মাজার (লেঙ্গুরা)।
চেয়ার: সপ্তশিখা কী? প্রার্থী: সাত শহিদের মাজার স্যার।
চেয়ার: আবরার ফয়সাল, আপনার কী কোনো সাংস্কৃতিক অভিজ্ঞতা আছে?
প্রার্থী: জি স্যার, আমি অভিনয় করি।
বস: নবাব সিরাজউদ্দৌলা নাটকের একটি ডায়লগ শুনান তো?
প্রার্থী: জি স্যার: 'বাংলা, বিহার, উড়িষ্যার মহান অধিপতি, তোমার শেষ উপদেশ আমি ভুলিনি জনাব। তুমি বলেছিলে, ইস্ট ইন্ডিয়া কোম্পানির কর্মচারিদের প্রশ্রয় দিয়ো না, তুমি বলেছিলে সুযোগ পেলেই তারা এ দেশ কেড়ে নেবে, আমি তাদের প্রশ্রয় দেব না'... ।
চেয়ার: সিরাজউদ্দৌলা নাটকের এই চরিত্রটির বাংলাদেশের লেজেন্ড কে?
প্রার্থী: প্রয়াত জনাব আনোয়ার হোসেন, স্যার।
চেয়ার: আবরার ফয়সাল আপনাকে ধন্যবাদ। আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম, স্যার।

www.Educationblog24.com

## শেরপুর জেলা (নমুনা ভাইভা - ৫৭)

প্রার্থী: আসবো স্যার? চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওয়া আলাইকুম সালাম। আপনার নাম কী, কোথায় পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার, আমি আরিফা আলম আঁখি। আমি শেরপুর সরকারি মহিলা কলেজ থেকে ইংরেজিতে অনার্সসহ এমএ ডিগ্রি সম্পন্ন করেছি।
ডিপিইও: শেরপুর জেলার উপজেলা কয়টি ও কী কী?
প্রার্থী: ৫টি যথা: ঝিনাইগাতী, নকলা, নালিতাবাড়ি, শেরপুর সদর এবং শ্রীবরদী।
চেয়ার: শেরপুর জেলার কোন উপজেলায় আপনার বাড়ি? প্রার্থী: নকলা উপজেলায়।
চেয়ার: কোন ভাষা থেকে নকলা নামটি এসেছে? প্রার্থী: আরবি ভাষা থেকে।
চেয়ার: আরবি 'নাখলা' শব্দের অর্থ কী? প্রার্থী: খেজুরের বাগান, স্যার।
চেয়ার: নকলা উপজেলায় কয়টি সরকারি প্রাথমিক বিদ্যালয় আছে? প্রার্থী: ৯৭টি।
ডিপিইও: নকলা উপজেলার ১জন কৃতী নারীনেত্রীর নাম কী? প্রার্থী: মতিয়া চৌধুরী।
ডিপিইও: শেরপুর জেলার প্রধান কয়েকটি নদীর নাম বলুন।
প্রার্থী: কংস, ভোগাই, কর্ণঝরা, চেল্লাখালি, ঝিনাই, দুধনা, মহারশি ও মালিঝি।
ডিপিইও: শেরপুর জেলার কয়েকটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বা আদিবাসির নাম বলুন?
প্রার্থী: কোচ, গারো, হাজং, ডালু, বানাই এবং রাজবংশী ইত্যাদি।
বস: শেরপুর জেলার কয়েকটি জমিদার বাড়ি ও দর্শনীয় স্থানের নাম বলুন?
প্রার্থী: নয়আনী জমিদার বাড়ি, আড়াই আনী জমিদার বাড়ি, কসবা মুঘল মসজিদ, গড়জরিপা ফোর্ট, জরিপ শাহ এর মাজার ইত্যাদি।
বস: মুক্তিযুদ্ধে শেরপুর কতনং সেক্টরে ছিল? প্রার্থী: ১১ নং স্যার।
বস: শেরপুর জেলা স্বাধীন হয় কত তারিখে? প্রার্থী: ১৯৭১ সালের ৭ ডিসেম্বর।
বস: ১৯৭১'র ৭ ডিসেম্বর কোথায় অবতরণ করেন? প্রার্থী: দারোগা আলী পার্কে।
চেয়ার: মুক্তিযুদ্ধের সময় শেরপুর জেলার বিধবা পল্লীটি কোথায় ছিল?
প্রার্থী: সোহাগপুর, নালিতাবাড়ি।

চেয়ার: ইংরেজি করুন: 'আমার মাথা ব্যাথা করছে'। প্রার্থী: I have headache.
বস: ৪টি কলমের দাম ৮০ টাকা, ১০টি কলমের দাম কত? প্রার্থী: ২০০ টাকা।
চেয়ার: শেরপুর জেলার প্রধান কয়েকটি বিলের নাম বলুন?
প্রার্থী: আউরা-বাউরা, মাউসি, দুবলাকুরি, রেওয়া, বারবিলা, ইসলি, নিশলা, ধলা, বুরলা এবং টাকি বিল।
চেয়ার: আরিফা, আপনি কী কোনো সাংস্কৃতিক কর্মকাণ্ডের সাথে জড়িত?
প্রার্থী: জি স্যার, আমি বিভিন্ন অনুষ্ঠানে উপস্থাপনা করি।
বস: কোনো একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের মুখবন্ধটি উপস্থাপনা করে শুনান তো?
প্রার্থী: স্যার আমি চেষ্টা করছি: 'আজকের অনুষ্ঠানের মধ্যমনি ভিত্তি সভাপতি, সম্মানিত প্রধান অতিথি, মাননীয় বিশেষ অতিথি এবং সাংস্কৃতিক অঙ্গনের উজ্জ্বল তারকাবৃন্দ ও উপস্থিত সুধীবৃন্দ। সবাইকে সালাম ও সাদর সম্ভাষণ জানিয়ে আজকের সাংস্কৃতিক অনুষ্ঠান শুরু করছি ...।'
চেয়ার: আপনার উপস্থাপনা বেশ প্রাণবন্ত, ধন্যবাদ। আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ স্যার, আস্‌সালামু আলাইকুম।

## ১০. মেঘনা / কুমিল্লা (প্রস্তাবিত) বিভাগ

### কুমিল্লা জেলা (নমুনা ভাইভা - ৫৮): ২টি নমুনা ভাইভা (৫৮ ও ৫৯)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার? চেয়ার: আসুন। প্রার্থী: নমস্কার, স্যার।
চেয়ার: নমস্কার, বসুন, আপনার নাম তো মিতা রানী। প্রার্থী: জি স্যার।
চেয়ার: আপনার বাড়ি কুমিল্লা জেলার কোন উপজেলায়? প্রার্থী: চৌদ্দগ্রাম।
ডিপিইও: চৌদ্দগ্রাম উপজেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: মোট ৫৬.৯ শতাংশ।
ডিপিইও: চৌদ্দগ্রাম উপজেলার শিক্ষার হার কত? প্রার্থী: ৮০.৩২ শতাংশ স্যার।
ডিপিইও: চৌদ্দগ্রামের নামকরণ হয় কিভাবে?
প্রার্থী: ১৪টি গ্রাম নিয়ে প্রতিষ্ঠিত ছিল বলে এর নামকরণ হয় চৌদ্দগ্রাম।
ডিপিইও: চৌদ্দগ্রাম উপজেলার সরকারি প্রাথমিক বিদ্যালয় কয়টি? প্রার্থী: ১৬৮টি।
চেয়ার: চৌদ্দগ্রাম উপজেলার ২টি নদীর নাম কী? প্রার্থী: কাঁকড়ী ও ডাকাতিয়া নদী।
চেয়ার: চৌদ্দগ্রাম উপজেলার কয়েকটি দর্শনীয় স্থানের নাম বলুন?
প্রার্থী: আমানগণ্ডা শালবন, গোবিন্দ মাণিক্য দীঘি, চান্দিশকরা জমিদার বাড়ি, জগন্নাথ দীঘি, বেতিয়ারা স্মৃতিসৌধ এবং শিবের দীঘি ইত্যাদি।
চেয়ার: চৌদ্দগ্রাম উপজেলার উল্লেখযোগ্য কয়েকজন ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: আমিনুল ইসলাম চৌধুরী, কাজী জাফর আহমেদ, কাজী জহিরুল কাইয়ুম, ড. কামাল চৌধুরী, ফজলুল হালিম চৌধুরী, মির হোসেন চৌধুরী, মুজিবুল হক মুজিব এবং সামছুদ্দিন আহমেদ।
চেয়ার: কুমিল্লা জেলা কিসের জন্য বিখ্যাত?
প্রার্থী: খাদি কাপড় ও রসমালাইয়ের জন্য বিখ্যাত স্যার।
চেয়ার: মুক্তিযুদ্ধকালীন কুমিল্লা জেলা কত নং সেক্টরের অন্তর্গত ছিল?
প্রার্থী: ২নং সেক্টর স্যার।
চেয়ার: ২নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন?
প্রার্থী: মেজর খালেদ মোশাররফ ও মেজর এটিএম হায়দার, স্যার।
চেয়ার: মেজর খালেদ মোশাররফ ও মেজর হায়দার কত তারিখে নিহত হন?
প্রার্থী: ৭ই নভেম্বর ১৯৭৫ সালে।

www.Educationblog24.com

ডিপিইও: কুমিল্লা জেলার কয়েকটি নদ-নদীর নাম বলুন?
প্রার্থী: গোমতী, মেঘনা, তিতাস, ডাকাতিয়া এবং কাঁকড়ি নদী ইত্যাদি স্যার।
ডিপিইও: বিশিষ্ট ইএনটি'র ডাঃ প্রাণ গোপাল দত্তের বাড়ি কুমিল্লার কোন উপজেলায়?
প্রার্থী: চান্দিনা উপজেলায় স্যার।
বস: কুমিল্লা জেলায় মুক্তিযুদ্ধের কী কী স্মৃতিচিহ্ন আছে?
প্রার্থী: বধ্যভূমি ৪টি, গণকবর ১২টি, স্মৃতিস্তম্ভ ৪টি এবং মঠ ২টি।
ডিপিইও: আ হ ম মোস্তফা কামাল কুমিল্লার কত নং আসন থেকে নির্বাচিত এমপি?
প্রার্থী: কুমিল্লা - ১০ (২৫৮) নং সংসদীয় আসনের বর্তমান এমপি ও অর্থমন্ত্রী।
ডিপিইও: শহিদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়াম কোথায় অবস্থিত? প্রার্থী: কুমিল্লা জেলায়।
বস: আমি গতকাল একটি মুঠোফোন কিনতে গিয়েছিলাম। ইংরেজি করুন।
প্রার্থী: I went to buy a mobile phone yesterday.
বস: মিতা রানী, আপনি এক্সট্রা কারিকুলার কী পারেন?
প্রার্থী: স্যার, আমি গান ও আবৃত্তি করি।
বস: সৈয়দ আব্দুল হাদীর একটি জনপ্রিয় গান গেয়ে শুনাতে পারবেন?
প্রার্থী: জি স্যার, আমি চেষ্টা করছি। - "এমনতো প্রেম হয় - ও চোখের জলে কথা কয়- নিজে নিজে জ্বলে পুড়ে - ও পাষাণে বাঁধে যে হৃদয়...।"
বস: মিতা আপনাকে শেষ প্রশ্ন করছি, বলুন তো - এই গানটির গীতিকার ও সুরকার কে? প্রার্থী: আলাউদ্দিন আলী, স্যার।
চেয়ার: ধন্যবাদ মিতা রানী, আপনি এবার আসুন। প্রার্থী: ধন্যবাদ, নমস্কার স্যার।

## কুমিল্লা জেলা (নমুনা ভাইভা - ৫৯)

প্রার্থী: আসবো স্যার? চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আসসালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওআলাইকুম সালাম, বসুন। আপনার নাম কী?।
প্রার্থী: আমার নাম রুবেল আহমেদ স্যার।
চেয়ার: রুবেল আপনার বাড়ি কুমিল্লা জেলার কোন উপজেলায়?
প্রার্থী: লাকসাম উপজেলায় স্যার।
চেয়ার: লাকসাম উপজেলা কয়টি পৌরসভা ও ইউনিয়ন নিয়ে গঠিত?
প্রার্থী: ১টি পৌরসভা ও ৮টি ইউনিয়ন নিয়ে গঠিত স্যার।
চেয়ার: নওয়াব ফয়জুন্নেছা চৌধুরাণীর জন্মস্থান কোথায়?
প্রার্থী: লাকসাম উপজেলায় স্যার।
চেয়ার: 'রূপজালাল' কাব্যের লেখক কে? প্রার্থী: নওয়াব ফয়জুন্নেছা চৌধুরানী স্যার।
চেয়ার: দক্ষিণ এশিয়ার প্রথম মহিলা নওয়াব কে ছিলেন?
প্রার্থী: নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী স্যার।
চেয়ার: লাকসাম উপজেলায় সাক্ষরতার হার কত? প্রার্থী: মোট ৮৭.৯০ শতাংশ।
ডিপিইও: লাকসাম উপজেলার কয়েকটি উল্লেখযোগ্য স্থানের নাম বলুন?
প্রার্থী: নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানীর ভবন ও জমিদার বাড়ি, কালিয়াপুর পাক দরবার শরীফ, নারায়ণপুরের হুজুর বাড়ি, দিশাবন্ধের নবীপুর মসজিদ, গাইনের ভহরা বড় মসজিদ, তিন গম্বুজ মসজিদ এবং বড় দিঘী ইত্যাদি।
ডিপিইও: লাকসাম উপজেলায় সর: প্রা: বিদ্যালয়ের সংখ্যা কত? প্রার্থী: ৫৭টি স্যার।
ডিপিইও: লাকসাম উপজেলায় বিশিষ্ট ব্যক্তি কে? প্রার্থী: নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী।
ডিপিইও: বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন এর বাড়ি কোথায়?
প্রার্থী: কুমিল্লা জেলার নাঙ্গলকোট উপজেলায় স্যার।
চেয়ার: ১৯৬০ সালের পূর্বে কুমিল্লা জেলার কী নাম ছিল? প্রার্থী: ত্রিপুরা জেলা।

www.Educationblog24.com

ডিপিইও: বাংলাদেশের ৮ম প্রধানমন্ত্রীর নাম কী? প্রার্থী: কাজী জাফর আহমেদ।
ডিপিইও: বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রথম স্ত্রীর নাম কী?
প্রার্থী: নার্গিস আরা খানম, স্যার।
ডিপিইও: সেক্টর কমান্ডারদের ১ম সম্মেলন কোথায় ও কখন অনুষ্ঠিত হয়?
প্রার্থী: ১৯৭১ সালের ১১-১৭ জুলাই, ৮ থিয়েটার রোড, কলকাতায়।
ডিপিইও: বাংলাদেশকে ভৌগলিকভাবে ১১টি সেক্টরে ভাগ করা হয় কখন?
প্রার্থী: ১০-১৭ জুলাই ১৯৭১ সালে, সেক্টর কমান্ডারদের প্রথম সম্মেলনে।
চেয়ার: মুক্তিযুদ্ধে 'বাংলাদেশ বাহিনীর' হেড কোয়ার্টার কোথায় ছিল?
প্রার্থী: ৮ থিয়েটার রোড, কলকাতা, ভারত।
বস: মুক্তিযুদ্ধে কুমিল্লা জেলা কত নং সেক্টরের অধীনে ছিল? প্রার্থী: ২ নং স্যার।
চেয়ার: ২০২১ শিক্ষাবর্ষের প্রাথমিক স্তরের ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক কয়টি ও কী কী?
প্রার্থী: ৬টি: ১. আমার বাংলা বই; ২. প্রাথমিক গণিত; ৩. English for Today; ৪. প্রাথমিক বিজ্ঞান; ৫. বাংলাদেশ ও বিশ্বপরিচয়; ৬. ইসলাম/হিন্দু/বৌদ্ধ/খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা।
ডিপিইও: জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ) এর মহাপরিচালকের নাম কী?
প্রার্থী: মো: শাহ আলম।
ডিপিইও: মহান জাতীয় সংসদে 'উপানুষ্ঠানিক শিক্ষা আইন' পাস হয় কত সালে?
প্রার্থী: ২০১৪ সালে স্যার।
ডিপিইও: বাংলাদেশে পরীক্ষণ বিদ্যালয়ের সংখ্যা কতটি? প্রার্থী: ৫৫ টি স্যার।
চেয়ার: রুবেল আপনি কি এক্সট্রা কারিকুলার কিছু পারেন?
প্রার্থী: স্যার, আমি ম্যাজিক দেখাতে পারি।
বস: তাই নাকি! প্রার্থী: জি স্যার।
বস: তাহলে দেখান তো একটা।
প্রার্থী: স্যার চেষ্টা করছি। ভালো করে সবাই লক্ষ্য করুন, আমার ডান হাতে মাত্র একটা কলম আর বাম হাতে কিছুই নাই। মন্ত্রপাঠ... এবার দেখেন স্যার, আমার ডান হাত শূন্য আর বাম হাতে আপনাদের জন্য সুন্দর ৩টা কলম।
বস: অনেক সুন্দর হয়েছে, আচ্ছা বলুন তো- জুয়েল আইসের জন্য কোন জেলায়?
প্রার্থী: পিরোজপুর জেলায় স্যার।
চেয়ার: আপনাকে ধন্যবাদ রুবেল, আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ। আস্সালামু আলাইকুম স্যার।

## ব্রাহ্মণবাড়িয়া জেলা (নমুনা ভাইভা - ৬০)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার? চেয়ার: আসুন।
প্রার্থী: আসসালামু আলাইকুম স্যার।
চেয়ার: ওআলাইকুম সালাম, বসুন, আপনার নাম কী?।
প্রার্থী: স্যার আমি তালেব মাহমুদ।
চেয়ার: তালেব আপনার বাড়ি ব্রাহ্মণবাড়িয়া জেলার কোন উপজেলায়?
প্রার্থী: নবীনগর উপজেলায় স্যার।
চেয়ার: ব্রাহ্মণবাড়িয়া জেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: ৪৫.৩ শতাংশ।
চেয়ার: নবীনগর উপজেলার কয়েকজন কৃতী ব্যক্তিত্বের নাম বলুন তো?
প্রার্থী: আফতাবউদ্দিন খাঁ, আবদুস সাত্তার খান, আলাউদ্দিন খাঁ, আলী আকবর খান, আহমেদ আলী, বাহাদুর হোসেন খান এবং মনমোহন দত্ত। আয়েত আলী খাঁ, খাদেম হোসেন খান, মুরশিদ খান এবং ফুলঝুরি খান প্রমুখ।

www.Educationblog24.com

চেয়ার: নবীনগরের ২জন বীর বিক্রম উপাধীপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার নাম বলুন?
প্রার্থী: শামসুল হক ও শাহজাহান সিদ্দিকী।
চেয়ার: জাতীয় চলচ্চিত্র পুরস্কারপ্রাপ্ত ও সঙ্গীত পরিচালক শেখ সাদী খানের জন্ম কোন উপজেলায়? প্রার্থী: নবীনগর উপজেলায়।
চেয়ার: নবীনগর উপজেলার কয়েকজন বিশিষ্ট ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: হাবিবুল্লাহ খান, আকবর আলি খান, সালেহউদ্দিন আহমেদ, গোলাম আজম, আলী যাকের, আলমগীর ও শফিক রেহমান।
ডিপিইও: নবীনগর উপজেলার কয়েকটি উল্লেখযোগ্য স্থান ও স্থাপনার নাম বলুন?
প্রার্থী: কাইতলা জমিদার বাড়ি, নবীনগর জমিদার বাড়ি, শাহ্ সাহেব বাড়ি মসজিদ, নবীনগর মঠ, লোকনাথ ও কালিবাড়ি মন্দির ইত্যাদি স্যার।

ডিপিইও: নবীনগর উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয় কয়টি? প্রার্থী: ৮০টি স্যার।
ডিপিইও: নবীনগর উপজেলার কয়েকটি দর্শনীয় স্থানের নাম বলুন?
প্রার্থী: কছুয়া দরবার শরীফ, কাহেতুরা মসজিদ, গুনিয়াউক ব্যানার্জি বাড়ি, গোকর্ণ নবাব বাড়ি, জয়কুমার জমিদার বাড়ি, দাঁতমণ্ডল আজিজিয়া দরবার শরীফ, নাসিরনগর জগন্নাথ মন্দির, ফান্দাউক ইসকন মন্দির এবং হরিপুর বড়বাড়ি।
বস: বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল কত তারিখে এবং কোথায় শহিদ হন?
প্রার্থী: ১৯৭১ সালের ১৮ই এপ্রিল আখাউড়ার দরুইন গ্রামে শহিদ হন।
বস: কুল্লাপাথর শহিদ স্মৃতিসৌধ কোথায় অবস্থিত?
প্রার্থী: ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা উপজেলায় স্যার।

বস: কুল্লাপাথর শহিদ স্মৃতিসৌধে কত জন শহিদ মুক্তিযোদ্ধার কবর আছে?
প্রার্থী: ৫০ জন শহিদ মুক্তিযোদ্ধার কবর আছে স্যার।
বস: ব্রাহ্মণবাড়িয়া জেলার কয়েকজন শহিদ বুদ্ধিজীবীর নাম বলুন।
প্রার্থী: আতাউর রহমান খান খাদিম, ধীরেন্দ্রনাথ দত্ত, সুলতানুদ্দিন আহমেদ প্রমুখ।
চেয়ার: তালেব আপনি এক্সট্রা কারিকুলার এক্টিভিটিস আর কী কী করেন?
প্রার্থী: স্যার, খেলাধুলা ও কিছু সাহিত্য রচনা করি।
চেয়ার: ব্রাহ্মণবাড়িয়া জেলার কয়েকজন কবি-সাহিত্যিকের নাম জানেন?
প্রার্থী: জি স্যার, কবি আল মাহমুদ, আবদুল কাদির, আবদুল হাফিজ, আহমদ রফিক, হাসনাত আব্দুল হাই প্রমুখ।
চেয়ার: আপনার রচিত কয়েকটি প্রবন্ধের শিরোনাম বলেন তো?
প্রার্থী: জি স্যার, যেমন: স্বপ্নের সাদা রং; নিলিমার নীলাকাশ; নিলিমার নাকফুল; নিলিমার বিকালের ছায়া ইত্যাদি স্যার।
চেয়ার: নিলিমা কে? প্রার্থী: স্যার আমার কবিতা, গল্প-উপন্যাসের কল্প নায়িকা।
চেয়ার: ধন্যবাদ, আপনি এবার আসুন। প্রার্থী: আস্সালামু আলাইকুম স্যার।

## নোয়াখালী জেলা (নমুনা ভাইভা - ৬১)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্সালামু আলাইকুম স্যার।
চেয়ার: ওআলাইকুম সালাম, বসুন।
চেয়ার: আপনার নাম কী?। প্রার্থী: স্যার আমার নাম রাহেলা আক্তার।
চেয়ার: রাহেলা আপনার বাড়ি নোয়াখালী জেলার কোন উপজেলায়?
প্রার্থী: নোয়াখালী সদর উপজেলায় স্যার।
চেয়ার: নোয়াখালী সদর থানা/উপজেলার আদি নাম কী? প্রার্থী: সুধারাম, স্যার।

www.Educationblog24.com

চেয়ার: নোয়াখালী জেলার প্রাচীন নাম কি ছিল: প্রার্থী: ভুলুয়া স্যার।
চেয়ার: নোয়াখালী সদর উপজেলায় সর: প্রা: বিদ্যালয় কয়টি? প্রার্থী: ১৯৫টি।
চেয়ার: নোয়াখালী সদর উপজেলার একজন প্রয়াত কৃতী ব্যক্তি নাম বলুন?
প্রার্থী: আব্দুল মালেক উকিল স্যার।
ডিপিইও: কত সালে নোয়াখালী জেলার নামকরণ করা হয়? প্রার্থী: ১৮৬৮ সালে।
ডিপিইও: বাংলাদেশের কোন জেলার নিজ নামে কোন জেলা শহর নেই?
প্রার্থী: নোয়াখালী জেলা স্যার।
ডিপিইও: তাহলে রাহেলা বলুন তো নোয়াখালী জেলা শহর কী নামে পরিচিত?
প্রার্থী: মাইজদী নামে পরিচিত স্যার।
ডিপিইও: কত সালে মাইজদীকে নোয়াখালী জেলার স্থায়ী সদরদপ্তর হিসাবে সরকারিভাবে স্বীকৃতি দেয়া হয়? প্রার্থী: ১৯৬২ সালে স্যার।
চেয়ার: রাহেলা আপনার পড়াশুনা কোথায়?
প্রার্থী: নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে স্যার।
চেয়ার: রাহেলা আপনার সাবজেক্ট কি ছিল?
প্রার্থী: Department of Bangladesh and Liberation War Studies.
বস: কত তারিখে নোয়াখালী জেলা শত্রুমুক্ত হয়?
প্রার্থী: নোয়াখালী জেলা শত্রুমুক্ত হয় ১৯৭১ সালের ৭ই ডিসেম্বর।
বস: নোয়াখালীর কোন শহর মুদ্রণ-প্রকাশনার জন্য বিখ্যাত ছিল: প্রার্থী: চৌমুহনী।
বস: মুক্তিযুদ্ধে নোয়াখালী জেলার একজন বীর শ্রেষ্টের নাম বলুন?
প্রার্থী: মোহাম্মদ রুহুল আমিন স্যার।

বস: মোহাম্মদ রুহুল আমিন কত সালে, কোথায় জন্মগ্রহণ করেন?
প্রার্থী: ১৯৩৫ সালে নোয়াখালী জেলার সোনাইমুড়ি উপজেলার বাঘপাঁচড়া গ্রামে।
বস: মোহাম্মদ রুহুল আমিন কত তারিখে শহিদ হন? প্রার্থী: ১০ডিসে. ১৯৭১।
বস: মোহাম্মদ রুহুল আমিন কত নং সেক্টরে যুদ্ধ করেন? প্রার্থী: ২নং সেক্টরে।
বস: ২নং সেক্টরের সেক্টর কমান্ডার কে ছিলেন? প্রার্থী: মেজর কেএম শফিউল্লাহ।
ডিপিইও: নোয়াখালী জেলায় জাতীয় সংসদের কয়টি আসন আছে? প্রার্থী: ৬টি স্যার।
ডিপিইও: কত সালে গান্ধীজী সাম্প্রদায়িক দাঙ্গা নিরসনে নোয়াখালীতে আসেন?
প্রার্থী: ১৯৪৬ সালের অক্টোবর মাসে স্যার।
প্রার্থী: করোনা ভাইরাসের সর্বশেষ ভ্যারিয়েন্টের নাম কি?
প্রার্থী: অমিক্রন, স্যার।

বস: প্রয়াত ব্যারিষ্টার মওদুদ আহমেদ ও ওবায়দুল কাদের ঢাবি'র কোন বিভাগে পড়াশুনা করেন? প্রার্থী: রাষ্ট্রবিজ্ঞান বিভাগে স্যার।
চেয়ার: রাহেলা, আপনি 'নিয়মিত পাঠক্রম বহির্ভূত' আর কী কী পারেন?
প্রার্থী: স্যার, আমি হামদ, নাত ও ইসলামী গজল করতে পারি।

চেয়ার: রাহেলা কোন একটি ইসলামী গানের ৪ লাইন গেয়ে শুনান তো দেখি?
প্রার্থী: আমি চেষ্টা করছি স্যার- "এই সুন্দর ফুল, সুন্দর ফল, মিঠা নদির পানি খোদা তোমার মেহেরবানি। এই শস্য-শ্যামল ফসল ভরা মাঠের ডালি খানি - খোদা তোমার মেহেরবানি।"
চেয়ার: শেষ প্রশ্ন, বলুন তো করোনা ভাইরাস চীনের কোন শহর থেকে উৎপত্তি হয়?
প্রার্থী: চীনের উহান শহর স্যার।
চেয়ার: ধন্যবাদ রাহেলা, আপনি এবার আসতে পারেন।
প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম স্যার।

www.Educationblog24.com

## ফেনী জেলা (নমুনা ভাইভা - ৬২)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আসসালামু আলাইকুম স্যার।
চেয়ার: ওয়ালাইকুম সালাম, বসুন।
চেয়ার: আপনার নাম কী? । প্রার্থী: স্যার আমার নাম রমিজুল ইসলাম।
চেয়ার: রমিজুল আপনি কোন বিষয়ে পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমি ফুলগাজী সরকারি কলেজ থেকে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে ২০১৯ সালে অনার্সসহ এম এ ডিগ্রি সম্পন্ন করেছি।
চেয়ার: রমিজুল আপনার বাড়ি ফেনী জেলার কোন উপজেলায়?
প্রার্থী: ফুলগাজী উপজেলায় স্যার।
চেয়ার: ফুলগাজী উপজেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: ৫৭.১৬ শতাংশ।
বস: ফেনী জেলার উল্লেখযোগ্য কয়েকজন ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: শহিদ বুদ্ধিজীবী শহীদুল্লাহ কায়সার, জহির রায়হান, শহিদ বুদ্ধিজীবী সেলিনা পারভীন, জননেতা খাজা আহমদ এবং আব্দুল মালেক প্রমুখ।
চেয়ার: ফুলগাজী উপজেলার কয়েকজন কৃতী ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: খালেদা জিয়া, জাফর ইমাম এবং শাহীন সামাদ প্রমুখ স্যার।
ডিপিইও: মুক্তিযুদ্ধে ফেনী জেলা মুক্ত হয় কত তারিখে? প্রার্থী: ৬ই ডিসেম্বর স্যার।
ডিপিইও: ফেনী জেলার রাষ্ট্রীয় খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধার সংখ্যা কত?
প্রার্থী: ৩১ জন স্যার (বাংলাদেশের জেলাসমূহের মধ্যে সর্বাধিক)।
বস: ফেনী জেলায় বীর উত্তম খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা কতজন? প্রার্থী: ৪ জন।
বস: ফেনীজেলায় বীর বিক্রম খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা কত জন? প্রার্থী:৭ জন।
বস: ফেনীজেলায় বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা কত জন? প্রার্থী: ২০ জন।
বস: ফেনী জেলার কয়েকটি দর্শনীয় স্থানের নাম বলুন?
প্রার্থী: ফেনী রাজাঝির দীঘি, বিজয়সিংহ দীঘি, শের শাহের আমলে নির্মিত গ্রান্ড ট্রাংক রোড, ফেনী বিমানবন্দর এবং তৃপ্তি এগ্রো পার্ক ইত্যাদি।
চেয়ার: রমিজুল আপনি কি নামাজ পড়েন? প্রার্থী: জি স্যার (৫ ওয়াক্ত স্যার)।
চেয়ার: বলুন তো বিশ্ব নবী (সা:) সর্বপ্রথম কোন মসজিদটি নির্মাণ করে ছিলেন?
প্রার্থী: মসজিদে কুবা স্যার (মদিনায় অবস্থিত)।
চেয়ার: মদীনার সনদ বলতে কী বুঝেন?
প্রার্থী: মক্কা থেকে মদীনায় হিযরত করে নবী করিম (সা:) স্থানীয় ইহুদীদের সাথে একটি চুক্তি সম্পাদন করেন। ইসলামের ইতিহাসে এটাকে মদীনার সনদ নামে আখ্যায়িত করা হয়।
প্রার্থী: বাংলাদেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রীর নাম কী এবং বাড়ি কোথায়?
প্রার্থী: খালেদা জিয়া, বাড়ি ফেনী জেলায় স্যার।
চেয়ার: জহির রায়হান ও শহীদুল্লা কায়সারের বাড়ি কোথায়? প্রার্থী: ফেনী জেলায়।
চেয়ার: ফেনী জেলার দুইজন ভাষা সৈনিকের নাম বলুন?
প্রার্থী: কাজী এবাদুল হক ও গাজীউল হক।
চেয়ার: রমিজুল, আপনি 'পাঠক্রম বহির্ভূত' কোন সাংস্কৃতিক কর্মকাণ্ড পারেন কি?
প্রার্থী: জি, আমি ইসলামী গান করি স্যার।
চেয়ার: কোন একটি ইসলামী গানের ৪ লাইন শুনাতে পারবেন?
প্রার্থী: ধন্যবাদ স্যার- "বিপদে মুসিবতে সহায়তা কর তুমি-দুঃখ বেদনায় শান্তনাও তুমি। হয়রানোর ব্যাথা যদি ঘিরে ধরে আমাকে...।
চেয়ার: ধন্যবাদ রমিজুল, আপনি এবার আসুন।
প্রার্থী: ধন্যবাদ, আসসালামু আলাইকুম স্যার।

www.Educationblog24.com

## লক্ষ্মীপুর জেলা (নমুনা ভাইভা - ৬৩)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: নমস্কার স্যার। চেয়ার: নমস্কার, বসুন।
চেয়ার: আপনার নাম কী?। প্রার্থী: স্যার আমার নাম গায়ত্রী বিশ্বাস।
চেয়ার: এই নামের অর্থ কী? প্রার্থী: সূর্য পত্নী স্যার।
চেয়ার: গায়ত্রী আপনি কোন বিষয়ে পড়াশুনা করেছেন?
প্রার্থী: স্যার আমি জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে Department of Drama & Dramatics -এ অনার্স-মাস্টার্স সম্পন্ন করেছি।
চেয়ার: গায়ত্রী আপনার বাড়ি লক্ষ্মীপুর জেলার কোন উপজেলায়?
প্রার্থী: রামগতি উপজেলায় স্যার।
ডিপিইও: লক্ষ্মীপুর জেলা কয়টি উপজেলা নিয়ে গঠিত? প্রার্থী: ৫টি উপজেলা স্যার।
চেয়ার: লক্ষ্মীপুর নামকরণ হয় কিভাবে?
প্রার্থী: লক্ষ্মী নারায়ণ রায় বা লক্ষ্মী প্রিয়ার নামানুসারে লক্ষ্মীপুর নামকরণ করা হয়।
বস: লক্ষ্মীপুর জেলায় মুক্তিযুদ্ধের কী কী স্মৃতিচিহ্ন আছে?
প্রার্থী: ৪টি গণকবর, ২টি বধ্যভূমি এবং ৩টি স্মৃতিস্তম্ভ স্যার।
বস: লক্ষ্মীপুরে জাতীয় সংসদের কয়টি নির্বাচনী এলাকা আছে? প্রার্থী: ৫টি স্যার।
বস: লক্ষ্মীপুর জেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: ৪২.৯০ শতাংশ স্যার।
বস: লক্ষ্মীপুর জেলার উল্লেখযোগ্য কয়েকজন ব্যক্তির নাম বলুন?
প্রার্থী: ধন্যবাদ স্যার, নিশাত মজুমদার, আসম আবদুর রব, মোহাম্মদ উল্লাহ, আবুল আহসান, আব্দুল মতিন চৌধুরী, রামেন্দু মজুমদার, মাহফুজ আহমেদ, তারিন জাহান, রোজী আফসারী, দিলারা জামান এবং হাফেজ্জী হুজুর প্রমুখ।
চেয়ার: মহাত্মা গান্ধী লক্ষ্মীপুর ভ্রমণে এসে কোথায় অবস্থান করতেন?
প্রার্থী: রামগঞ্জের শ্রীরামপুর রাজবাড়িতে স্যার।
চেয়ার: বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম কত সালে লক্ষ্মীপুর সফরে আসেন?
প্রার্থী: ১৯২৬ সালের জুন মাসে স্যার।
চেয়ার: কবি কাজী নজরুল ইসলামকে কোথায় কবর দেয়া হয়?
প্রার্থী: ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের পার্শ্বে।
চেয়ার: গায়ত্রী, আপনি 'পাঠক্রম বহির্ভূত' কোন সাংস্কৃতিক কর্মকাণ্ড পারেন কি?
প্রার্থী: জি, আমি নাটক করি স্যার।
চেয়ার: দেশের সাম্প্রতিক নাট্য জগতের সফল ৪জন নায়ক-নায়িকার নাম বলুন?
প্রার্থী: ধন্যবাদ স্যার- জিয়াউল হক অপূর্ব, মোশাররফ করিম, তানজিন তিশা এবং মেহ্জাবিন, স্যার।
চেয়ার: মোশাররফ করিমের একক ত্রিমাত্রিক চরিত্রের একটি নাটকের নাম বলুন?
প্রার্থী: "জমজ" স্যার।
চেয়ার: ধন্যবাদ গায়ত্রী বিশ্বাস, আপনি এবার আসুন। প্রার্থী: ধন্যবাদ, নমস্কার স্যার।

## চাঁদপুর জেলা (নমুনা ভাইভা - ৬৪)

প্রার্থী: আমি কি আসতে পারি স্যার?
চেয়ার: আসুন প্লিজ। প্রার্থী: আস্‌সালামু আলাইকুম, স্যার।
চেয়ার: ওআলাইকুম সালাম, বসুন।
চেয়ার: আপনার নাম কী?। প্রার্থী: স্যার আমার নাম মো: জমির উদ্দিন।
চেয়ার: জমির আপনি কোথায় পড়াশুনা করেছেন?

www.Educationblog24.com

প্রার্থী: স্যার আমি কুমিল্লা বিশ্ববিদ্যালয় থেকে লোক প্রশাসনে অনার্স ও মাস্টার্স ডিগ্রি সম্পন্ন করেছি।

চেয়ার: লোক প্রশাসন এর জনক কে? প্রার্থী: লুথার গুলিক তবে আরেক মতে, উড্রো উইলসন (Woodrow Wilson)।

চেয়ার: উপজেলা প্রশাসনের প্রধান কে? প্রার্থী?: উপজেলা নির্বাহী অফিসার।

চেয়ার: উপজেলা পরিষদের প্রধান কে? প্রার্থী: উপজেলা চেয়ারম্যান, স্যার।

ডিপিইও: লোকপ্রশাসন বলতে কী বুঝেন?

প্রার্থী: সরকার প্রণীত নীতি ও আইনসমূহের জনকল্যাণার্থে বাস্তবায়ন এবং প্রয়োগের সম্মিলিত উদ্যোগই হলো লোকপ্রশাসন। অন্য কথায় একটি রাষ্ট্রের জনগণের সর্বোচ্চ সেবা নিশ্চিত করতে রাজনীতিবিদগণের গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রক্রিয়াই হলো লোকপ্রশাসন।

চেয়ার: আপনার বাড়ি চাঁদপুর জেলার কোন উপজেলায়?

প্রার্থী: স্যার আমার বাড়ি চাঁদপুর সদর উপজেলায়।

চেয়ার: চাঁদপুর জেলার ব্র্যান্ডিং শ্লোগান কী? প্রার্থী: 'ইলিশের বাড়ি চাঁদপুর', স্যার।

ডিপিইও: চাঁদপুরের ব্র্যান্ডিং লোগো অঙ্কন করেন কে? প্রার্থী: চিত্রশিল্পী হাশেম খান।

ডিপিইও: চাঁদপুর সদর উপজেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: ৫৬.১ শতাংশ স্যার।

ডিপিইও: চাঁদপুর সদর উপজেলার কয়েকটি প্রাচীন নিদর্শন বলুন?

প্রার্থী: চৌধুরী বাড়ি, বেগম মসজিদ, কালীবাড়ি মন্দির, বড় স্টেশন মোলহেড, শপথ চত্বর, ফাইভ স্টার পার্ক, পালের বাজার সেতু এবং গাছতলা ব্রিজ।

বস: 'ইলিশ মাছের বাড়ি' বলা হয় কোন জেলাকে? প্রার্থী: চাঁদপুর জেলাকে।

বস: চাঁদপুর জেলার প্রধান ৪টি নদীর নাম বলুন? প্রার্থী: মেঘনা, পদ্মা, ডাকাতিয়া ও ধনাগোদা নদী।

বস: চাঁদপুরের ভ্যালিয়ান্ট খেতাব প্রাপ্ত ২য় বিশ্বযুদ্ধে অংশগ্রহণকারী ব্যক্তির নাম কী? প্রার্থী: ইসমাইল খান।

বস: পাকিস্তানের বর্তমান প্রধানমন্ত্রীর নাম কী? প্রার্থী: শাহবাজ শরিফ।

চেয়ার: চাঁদপুরের বঙ্গবন্ধু হত্যা মামলার মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামীর নাম কী?

প্রার্থী: এম রাশেদ চৌধুরী।

চেয়ার: চাঁদপুর জেলার সাক্ষরতার হার কত? প্রার্থী: ৬৩.৮ শতাংশ স্যার।

চেয়ার: চাঁদপুর জেলার কয়েকজন কৃতী ব্যক্তির নাম বলুন?

প্রার্থী: মহিউদ্দীন খান আলমগীর, মুনতাসির মামুন, গোলাম রহমান, বোরহান উদ্দিন খান জাহাঙ্গীর এবং এহসানুল হক মিলন প্রমুখ।

চেয়ার: চাঁদপুর জেলার নামকরণ হয় কিভাবে?

প্রার্থী: শাহ আহমেদ চাঁদ-এর নামানুসারে চাঁদপুর জেলার নামকরণ হয়।

বস: 'আমরা তোমাদের ভুলব না', শহিদদের নাম ও ঠিকানা সম্বলিত মুক্তিযুদ্ধে স্মৃতিফলকটি কোথায় অবস্থিত? প্রার্থী: ফরিদগঞ্জ উপজেলায় স্যার।

চেয়ার: জমির, আপনি কি কোন সাংস্কৃতিক কর্মকাণ্ড পারেন?

প্রার্থী: জি স্যার, আমি ভালো ফুটবল খেলি।

চেয়ার: খেলোয়ার হিসেবে আপনার কোনো সনদ আছে কী?

প্রার্থী: উপজেলা ও জেলা পর্যায়ে আমি দুইবার 'ম্যান অব দি ম্যাচ' হয়েছি, স্যার।

প্রার্থী: আন্তর্জাতিক পর্যায়ে আপনার প্রিয় খেলোয়ার কে? প্রার্থী: পর্তুগালের ক্রিস্টিয়ানো রোনাল্ডো স্যার।

চেয়ার: ধন্যবাদ জমির উদ্দিন, আপনি এবার আসুন।

প্রার্থী: ধন্যবাদ, আস্সালামু আলাইকুম, স্যার।

www.Educationblog24.com